ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অন্তঃসত্ত্বা হওয়ার গুঞ্জন নিয়ে মুখ খুললেন পরিণীতি

পৃঃ ৫



পেলে-ম্যারাডোনাকে ছাড়িয়ে সেরা লিওনেল মেসি, রোনালদো কোথায়?

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৯১ ● কলকাতা ● ২০ চৈত্র, ১৪৩০ ● বুধবার ● ০৩ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## লোকসভা ভোট অবাধ এবং শান্তিপূর্ণ করাই

# এখন বড় চ্যালেঞ্জ নির্বাচন কমিশনের কাছে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা ভোট অবাধ এবং শান্তিপূর্ণ করাই এখন বড় চ্যালেঞ্জ নির্বাচন কমিশনের কাছে। ভোটে যাতে কোনও রকম অশান্তি না হয় তা নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ করছে কমিশন। মঙ্গলবার কমিশন জানিয়েছে, লোকসভা নির্বাচনে রাজ্যের সব বুথেই ওয়েব কাস্টিং হবে। ব্যবহার করা হবে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তিও।২০২১ সালে পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের সময়েও বুথে বুথে ওয়েব কাস্টিংয়ের ব্যবস্থা করা হয়েছিল। তবে বিধানসভায় মাত্র ৫০.৩১ শতাংশ বুথেই এই ব্যবস্থা ছিল। এ বার সেটাই বাড়িয়ে ১০০ শতাংশ করা হল। অর্থাত এ বার রাজ্যের ৮০ হাজার ৫৩০ বুথেই ওয়েব কাস্টিং হবে। শুধু পশ্চিমবঙ্গ নয়, পঞ্জাবের ক্ষেত্রেও একই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, দেশের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গকে যে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে, তা এই সিদ্ধান্ত থেকে স্পষ্ট।

লোকসভা হোক বা বিধানসভা, ভোটে স্বচ্ছতা আনতেই বুথে বুথে ওয়েব কাস্টিং শুরু করেছিল কমিশন। বুথে কী হচ্ছে, কারা কারা ভোট দিতে আসছেন, কোনও অশান্তি ঘটছে কি না সেই সব কিছুর উপর নজরদারি চালাতে কমিশন এই ওয়েব কাস্টিং প্রক্রিয়া শুরু করেছিল। মূলত অনলাইনেই এই নজরদারি চালানো হয়।

লোকসভা নির্বাচন ঘোষণার সময়ই দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার জানিয়েছিলেন, এ বারের ভোটে কোনও ধরনের অশান্তি

এরপর ৩ পাতায়

## জোর করে জমি নিয়ে

# টাকা আয় করতেন এবং কালো টাকা কীভাবে সাদা করতেন শাহজাহান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালির বেতাজ বাদশা শেখ শাহজাহানকে আগেই গ্রেফতার করেছে ইডি। এবার তাকে ইডি হেফাজতের নির্দেশ দিল আদালত। আজ শেখ শাহজাহানকে ইডির বিশেষ আদালতে তোলা হয়। সেখানে তার বিরুদ্ধে একের পর এক বিস্ফোরক অভিযোগ তুলে নিজেদের হেফাজতে পাওয়ার জন্য আবেদন জানায় কেন্দ্রীয় সংস্থা। সেই আবেদন মঞ্জুর করেছে আদালত।অন্যদিকে, সোমবার শাহজাহানকে আদালতে পেশ করা হলে তার ফাঁসির দাবি তোলেন আইনজীবীদের একাংশ। আদালতের গেটের সামনে প্ল্যাকার্ড হাতে শাহজাহানের ফাঁসির দাবিতে স্লোগান দেন আইনজীবীরা।

তবে আদালতে ইডি দাবি করেছে, শাহজাহান তদন্তকারীদের বিভ্রান্ত করার

এরপর ৩ পাতায়

## লোকসভা নির্বাচনের প্রাক্কালে তৃণমূল বিধায়ক

# তথা অভিনেত্রী লাভলি মৈত্রের স্বামীর বদলি





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের প্রাক্কালে তৃণমূল বিধায়ক তথা অভিনেত্রী লাভলি মৈত্রের স্বামীর বদলি। কলকাতা পুলিশের দক্ষিণ পশ্চিম ডিভিশনের ডিসিপি পদে কর্মরত ছিলেন লাভলির স্বামী সৌম্য রায়। ভোটের ঠিক মুখে তাঁকে সরানোর সিদ্ধান্ত নিল নির্বাচন কমিশন। সৌম্যকে অ-নির্বাচনী কোনও পদে রাখার নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর।প্রসঙ্গত, এই প্রথম নয়, একুশের বিধানসভা নির্বাচনের সময়ও সৌম্যকে সরানোর সিদ্ধান্ত নিয়েছিল নির্বাচন কমিশন । সেবার সোনারপুর দক্ষিণ থেকে ভোটে দাঁড়িয়েছিলেন লাভলি। লোকসভা নির্বাচনে অবশ্য লাভলিকে টিকিট দেয়নি তৃণমূল। তবে তিনি দলীয় প্রার্থীর হয়ে প্রচার করে বেড়াচ্ছেন। এর মাঝেই সামনে এল সৌম্যর বদলির খবর।

জানা যাচ্ছে, আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে চিঠি পাঠায় নির্বাচন কমিশন। সেখানে সৌম্যর বদলির পাশাপাশি তাঁর পদে এবার কে আসীন হবেন সেই জন্য তিন আধিকারিকের নাম পাঠাতেও বলা হয়েছে বলে খবর। বুধবার দুপুর ৩টের মধ্যে রাজ্যকে তিনজন আধিকারিকের নাম পাঠাতে হবে।এবার এই নিয়ে ক্ষোভ

এরপর ৩ পাতায়



## পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে আর্থিক পরিষেবা

# প্রদান বিভাগে স্কচ ইএসজি পুরস্কার জিতে নিল আরইসি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিদ্যুৎ মন্ত্রকের আওতাধীন মহারত্ন কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থা আরইসি লিমিটেড পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে আর্থিক পরিষেবা প্রদান বিভাগে স্কচ ইএসজি পুরস্কার জিতে নিল। আরইসি অ-ব্যাঙ্কিং ঋণদানকারী সংস্থা হিসেবেও সুপরিচিত। সংস্থার কার্যনির্বাহী নির্দেশক শ্রী টি এস সি বশ নতুন দিল্লিতে এই পুরস্কার গ্রহণ করেন। পরিবেশ-বান্ধব শক্তিক্ষেত্রের প্রসারে দেশের উদ্যোগকে নানানভাবে জোরদার করে চলেছে আরইসি। সৌরবিদ্যুৎ, গ্রিন অ্যামোনিয়া, গ্রিন হাইড্রোজেন প্রভৃতি ক্ষেত্রে বিভিন্ন প্রকল্পে সরাসরি সহায়তা দিয়ে থাকে এই সংস্থা। মেট্রো রেল, বিমানবন্দর, তথ্যপ্রযুক্তি ও যোগাযোগ, সামাজিক ও বাণিজ্যিক পরিকাঠামো, ইস্পাত ও তৈল শোধন ক্ষেত্রেও এই সংস্থার কর্মকাণ্ড প্রসারিত। পরিবেশ-বান্ধব শক্তিক্ষেত্রে আরইসি-র সক্রিয়তা ক্রমবর্ধমান। ২০৩০ নাগাদ সংস্থাটির সম্পদ ১০ গুণ বেড়ে ৩ লক্ষ কোটি টাকাতে পৌঁছবে বলে অনুমান। স্কচ ইএসজি পুরস্কারের মাধ্যমে পরিবেশ, সমাজ এবং প্রশাসনিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দেওয়া হয়। 'ভারত ২০৪৭'-এর স্বপ্ন পূরণে অবদানের প্রশ্নে গুরুত্বপূর্ণ মাপকাঠি হয়ে উঠেছে এই পুরস্কার।


## বিজেপির ক্ষমতাসীন গোষ্ঠীর ওপর প্রবল চাপ তৈরি হয়েছে

# যাতে ২৪'র ভোটে উনিশের সাফল্যকে ছাপিয়ে যাওয়া যায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উনিশের লোকসভা নির্বাচন এবং একুশের বিধানসভা নির্বাচন দুটোই হয়েছিল বঙ্গ বিজেপির সভাপতি দিলীপ ঘোষের পদে থাকাকালীন সময়েই। সেই দুই নির্বাচনেই বাংলার মাটিতে ঐতিহাসিক সাফল্যের মুখ দেখেছে বিজেপি। এক ধাক্কায় বাংলা থেকে ১৮জন সাংসদ ও ৭৭জন বিধায়ক। কিন্তু তারপরেও গদি গিয়েছে দিলীপের।কিন্তু সেখানেও অমিতাভ 'খবরদারি' চালান বলে আরএসএস এবং কেন্দ্রীয় বিজেপি নেতৃত্বকে অভিযোগ করেন ধোন্দ। কয়েকমাস আগে শহরের এক হোটেলের এক বৈঠকে বঙ্গ বিজেপির ইনচার্জ মঙ্গল পান্ডে ভরা হাটে এনিয়ে বোমা ফাটান। তারপর থেকেই অমিতাভ চক্রবর্তী ও তাঁর অনুগামীরা ব্যকফুটে চলে গিয়েছেন বলে অভিমত ওই আদি নেতার। আসন্ন লোকসভা নির্বাচনে টিকিট দেওয়ার ক্ষেত্রেও ওই গোষ্ঠীকে পুরোপুরি উপেক্ষা করেছে দিল্লি। উলুবেড়িয়া, বীরভূম, উত্তর কলকাতা, আমরাবাগ এবং উত্তবঙ্গের কয়েকটি আসনের জন্য সংশ্লিষ্ট লবির একাধিক নেতা টিকিট পাওয়ার দৌড়ে এগিয়ে থাকলেও, কারও কপালে তা জোটেনি। ওই আদি নেতার দাবি, সঙ্ঘের তরফেও জানিয়ে দেওয়া হয়েছে সংগঠনিক সম্পাদক পদে নতুন মুখ আনা হবে। একান্ত যোগ্য কাউকে না পাওয়া গেলে সাময়িকভাবে সতীশ ধোন্দকে ওই দায়িত্ব দেওয়া হবে। দলের শীর্ষ মহলের একাংশের মতে, বিরোধী দলনেতার সঙ্গে ওই লবির নেতারা আড়ালে সুসম্পর্ক রেখে চলে। গত কয়েকবছরে বহু নেতা এই রসায়ন নিয়ে ধন্দে ছিলেন। কারণ, বিরোধী দলনেতার প্রতিনিধি কিংবা ওই লবির লোকেরা প্রাকশ্যে একে অপরের বিরুদ্ধে সুর চড়ায়। কিন্তু গোটাটাই লোক দেখানো। দলের বিভিন্ন অংশের মনোভাব বুঝতেই দু'পক্ষ এই কৌশল ব্যবহার করত। বর্তমানে তা প্রায় সকলেই বুঝে গিয়েছেন।ঘটনা হচ্ছে, সেই সাফল্য এখনও পর্যন্ত বঙ্গ বিজেপির আর কোনও নেতা এনে দিতে পারেননি। আর তাই এখন বঙ্গ বিজেপির ক্ষমতাসীন সুকান্ত মজুমদার অমিতাভ চক্রবর্তী গোষ্ঠীর ওপর প্রবল চাপ তৈরি হয়েছে যাতে ২৪'র ভোটে উনিশের সাফল্যকে ছাপিয়ে যাওয়া যায়। এমনিতেই অমিত শাহ বঙ্গ বিজেপির সামনে ২৪'র ভোতে ২৫টি আসন জয়ের লক্ষ্যমাত্রা ধার্য করে দিয়েছেন। এখন সূত্রে জানা যাচ্ছে, যদি এই লক্ষ্যমাত্রা সুকান্ত-অমিতাভরা অর্জন করে দেখাতে পারেন, তাহলে তাঁদের গদি টিকবে, নাহলে তাঁদের গদি ছেড়ে দিতে হবে। নতুন কাউকে বঙ্গ বিজেপির সভাপতি পদে এনে ২০২৬'র রাজ্য বিধানসভা নির্বাচনের সংগঠন সাজিয়ে তোলা হবে।

## বাল্যবিবাহ নয়, নিজের পায়ে দাঁড়াতে চাই,

# বিয়ের সম্বন্ধ ভেঙে সোজা স্কুলে হাজির রিম্পা



**পাঁশকুড়া, ২রা এপ্রিল : নিউজ সারাদিন :** পাত্র বেসরকারি সংস্থায় কর্মরত। এমন পাত্র হাত ছাড়া করা যায় ? এই তত্ত্ব খাড়া করে শুরু হয় মেয়ের জন্য দেখাশোনা। না করিসনা, এ বিয়েতে রাজি হয়ে যা.....।শুরু হয় নানাভাবেই মেয়েকে বোঝানোর চেষ্টা। বিয়ে দেওয়ার জন্য শুরু হয়ে গিয়েছিল তোড়জোড়ও। ছেলের বাড়ির সাথে কথা পাকাপাকি হওয়ার আগেই বেঁকে বসল মেয়ে। এখন কোনভাবেই বিয়ে নয়। ।আর পাঁচটা মেয়ের মতো পড়াশোনা করে নিজের পায়ে দাঁড়াতে চায় সে। বাল্যবিবাহ রোধে নিজের বিয়ে ভেঙে নজির গড়ল শ্যামসুন্দরপুর পাটনা হাইস্কুলের একাদশ শ্রেণির ছাত্রী রিম্পা গোড়া। রিম্পা এখন বেগম রোকেয়া কন্যাশ্রী ক্লাব তথা স্কুলের প্রতিবাদী মুখ। তার জেদ আর অনমনীয় দৃঢ়তার কাছে হার মেনেছে বাবা-মা। পিছু হটেছে ছেলের বাড়ির লোকজনও। পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া ব্লকের বিকড়া গ্রামের বাসিন্দা গৌতম গোড়া আর পাঁচটা বাবার মতই ভালো ঘরে বিয়ে দিতে চেয়েছিল মেয়ের। একটি বেসরকারি সংস্থায় কর্মরত ছেলের সাথে মেয়ের সম্বন্ধ ঠিক করেন তিনি। কিন্তু রিম্পা বাবা মাকে সাফ জানিয়ে দেয়, সে এখন বিয়ে করবে না। বাবা মা শোনেননি রিম্পার কথা। এক প্রকার জোর করে বিয়ে দিতে চান তাকে। নিরুপায় হয়ে রিম্পা ছুটে যায় স্কুলে। স্কুলের কন্যাশ্রী ক্লাবের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক গৌতম কুমার বোস কে সমস্ত ঘটনা জানায় রিম্পা। রিম্পার সিদ্ধান্তকে সাধুবাদ জানান গৌতম কুমার বোস। উল্লেখ্য, শিক্ষক গৌতম বাবুর উদ্যোগে বেশ কয়েক বছর আগে বিদ্যালয়ে গঠিত হয় বেগম রোকেয়া কন্যাশ্রী ক্লাব। তারপর থেকে ওই শিক্ষকের নেতৃত্বে ধারাবাহিকভাবে কন্যাশ্রী যোদ্ধাদের নিয়ে সেমিনার , সচেতনতা শিবির, বাল্য বিবাহ প্রতিরোধে অভিযান সহ নানান কর্মসূচি গ্রহণ করে থাকে বেগম রোকেয়া কন্যাশ্রী ক্লাব। আজকে রিম্পার এই পদক্ষেপ কন্যাশ্রী ক্লাবের নানান কর্মসূচির সাফল্য বলে মনে করেন শিক্ষক গৌতম কুমার বোস।

রিম্পার অভোযোগের ভিত্তিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম মুস্তাফা স্কুলে ডেকে পাঠান রিম্পার বাবা এবং কাকাকে । কথা বলে বোঝানোর চেষ্টা করেন তাঁদের । রিম্পা বলে, আমি এখন বিয়ে করতে চাই না। বাড়িতে অনেকবার বলেছি, কিন্তু আমার কথা কেউ শোনেনি । আমি পড়াশোনা করে নিজের পায়ে দাঁড়াতে চাই। রিম্পার সিদ্ধান্তে খুশি বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম মুস্তাফা ও সহকারী প্রধান শিক্ষক শুভঙ্কর দত্ত। প্রধান শিক্ষক বলেন, এটা আমাদের বিদ্যালয়ের কন্যাশ্রী ক্লাবের বড় সাফল্য। আমাদের জেলাতে বাবা মায়েরা সচেতনতার অভাবে ও নানা কারণে মেয়েদের অল্প বয়সে বিয়ে দিয়ে দিচ্ছেন। যার প্রভাব পড়ছে ওই মেয়েদের উপর এবং সমাজের উপর। সেখান থেকে বেরিয়ে এসেছে রিম্পা একটা দৃষ্টান্ত স্থাপন করেছে।

বিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সম্পাদক ও সহকারি প্রধান শিক্ষক শুভঙ্কর দত্ত বলেন, রিম্পা পড়াশোনা করতে চাইলে তার পাশে আমরা থাকবো ।রিম্পা যাতে পড়াশোনা এগিয়ে নিয়ে যেতে পারে তার জন্য তিনি কলা বিভাগের ছাত্রী রিম্পার হাতে পাঠ্যপুস্তক তুলে দেন। রিম্পার পাশে দাঁড়িয়েছেন স্কুলের অন্যান্য শিক্ষক শিক্ষিকারা।

## ক্যানিংয়ে ছিল বিজেপির প্রতিবাদ সভা



**দক্ষিণ ২৪ পরগনা: নিউজ সারাদিন :** নির্বাচন বিধি লঙ্ঘনের অভিযোগ উঠল রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে। মঙ্গলবার নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছেন ক্যানিং পশ্চিমের বিধায়ক পরেশ রাম দাস।উল্লেখ্য গত কয়েকদিন আগে জীবনতলা থানার মঠের দিঘি এলাকা এবং গোসাবা বিধানসভার কুমিরমারি গ্রামে বিজেপি কর্মীরা আক্রান্ত হন। সেই ঘটনায় তৃণমূলকেই দায়ী করেছে বিজেপি। সেই আক্রান্ত কর্মীদেরকে এদিন মঞ্চে তুলে সম্বর্ধনা জানান বিরোধী দলনেতা। বিজেপির এই মিছিলের পাল্টা বুধবার সকাল দশটায় প্রার্থী প্রতিমা মণ্ডলের সমর্থনে ক্যানিংয়ে একটি মিছিলের আয়োজন করেছে তৃণমূল।মঙ্গলবার ক্যানিংয়ে ছিল বিজেপির প্রতিবাদ সভা।

তৃণমূলের বিরুদ্ধে বিজেপি কর্মীদের উপর হামলার প্রতিবাদে তিনি এই সভা করেন। তার আগে ক্যানিংয়ের হাসপাতাল মোড় থেকে অটো স্ট্যান্ড পর্যন্ত প্রতিবাদ মিছিল করেন শুভেন্দু অধিকারী । সেখানে উপস্থিত ছিলেন জয়নগর লোকসভার বিজেপি প্রার্থী অশোক কান্ডারিও। অভিযোগ, লোকসভা ভোটের প্রচারের জন্য বিজেপির তরফ থেকে নির্বাচন কমিশনের দফতর থেকে অনুমতি নেওয়া হয়েছিল। নির্ধারিত সময় ছিল তিনটে থেকে বিকেল পাঁচটা পর্যন্ত। সেই সময় পেরিয়ে গেলেও বিজেপির প্রচার চলতে থাকে। এই কারণেই নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছেন ক্যানিং পশ্চিমের বিধায়ক পরেশ রাম দাস। এপ্রসঙ্গে তৃণমূল বিধায়ক বলেন, "নির্বাচন বিধি লঙ্ঘন করেছে রাজ্যের বিরোধী দলনেতা। বিষয়টি নিয়ে নির্বাচন কমিশনের কাছে আমরা অভিযোগ জানিয়েছি। যারা নির্বাচন বিধি মানেন না, তারা কী করে নির্বাচন করবে। আমরা চাই বিরোধী দলনেতার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিক কমিশন।"

এদিন ক্যানিং পশ্চিমের বিধায়ক পরেশ রাম দাস, ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা সহ স্থানীয় তৃণমূল নেতাদের শাহজাহানের মত অবস্থা করা হবে বলে প্রকাশ্য সভা থেকে হুঁশিয়ারি দেন বিরোধী দলনেতা।

## কেন্দ্রীয় এজেন্সি নিয়ে মুখ খুললেন শীর্ষ আদালতের প্রধান বিচারপতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন্দ্রীয় এজেন্সি নিয়ে মুখ খুললেন শীর্ষ আদালতের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়। বিজেপি সরকারের বিরুদ্ধে অভিযোগ, বিরোধী কণ্ঠরোধ করতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে ব্যবহার করছে তারা। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেছেন, প্রধান তদন্তকারী সংস্থাগুলির উচিত তাদের তদন্তে গুরুত্ব দেওয়া।

তাঁর মতে, গোটা তদন্ত প্রক্রিয়ার 'ডিজিটাইজেশন' করা দরকার। এফআইআর দায়ের থেকে শুরু করে তদন্তের পুরো প্রক্রিয়া যদি 'ডিজিটাইজেশন' করা যায়, তা হলে সমস্যা অনেকটা মোকাবিলা করা সম্ভব। প্রসঙ্গত, ভোটের মুখে জমি দুর্নীতি মামলায় ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন এবং আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেপ্তার করেছে ইডি। পশ্চিমবঙ্গেও নিয়োগ দুর্নীতি-সহ একাধিক মামলায় তদন্ত চালাচ্ছে ইডি এবং সিবিআই। তিনি আরও বলেন, যে সব মামলা দেশের জাতীয় নিরাপত্তা ও অর্থনৈতিক পরিস্থিতির জন্য আশঙ্কাজনক সেসব মামলায় তাদের নজর দেওয়া প্রয়োজন।

তিনি আরও বলেন, আমি মনে করি, আমরা আমাদের প্রধান অনুসন্ধানকারী এজেন্সিগুলোকে খুব অল্প পরিমাণে অন্য কাজে লাগাচ্ছি। ডি ওয়াই চন্দ্রচুড় বলেন, জাতীয় নিরাপত্তা এবং দেশের বিরুদ্ধে অর্থনৈতিক অপরাধ

এরপর ৩ পাতায়

## এবারের গ্রীষ্মে (এপ্রিল থেকে জুন) দেশের অধিকাংশ জায়গায়

# তাপপ্রবাহের সতর্কতা জারি আবহাওয়া দফতরের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এ বছরের গ্রীষ্মে (এপ্রিল থেকে জুন) দেশের অধিকাংশ জায়গায় বিশেষত মধ্য ভারত এবং পশ্চিম ভারতের উপদ্বীপ অঞ্চলগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হতে পারে। আজ এই সতর্কতা জারি করেছে ভারতের আবহাওয়া দফতর। নতুন দিল্লির পৃথ্বী ভবনে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে ভারতীয় আবহাওয়া দফতরের মহানির্দেশক ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র জানিয়েছেন, পশ্চিম হিমালয়ের কিছু অংশ, উত্তর-পূর্বের রাজ্যগুলি এবং উত্তর ওড়িশায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হতে পারে। এপ্রিল থেকে জুন পর্যন্ত তাপমাত্রার উল্লেখযোগ্য

এরপর ৩ পাতায়

## আবগারি দুর্নীতি মামলায়

# জামিন পেল আপ নেতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদ্দিন :** লোকসভা নির্বাচনের আগে স্বস্তি পেলেন আম আদমি পার্টির নেতা সঞ্জয় সিং। আবগারি দুর্নীতি মামলায় একদিকে যখন জেলবন্দি রয়েছেন অরবিনদ

এরপর ৩ পাতায়







পশ্চিমবঙ্গ এবং অন্য ৫ টি রাজ্যে

## বিশেষ পর্যবেক্ষক (সাধারণ এবং পুলিশ) নিয়োগ করল ভারতের নির্বাচন কমিশন

**কলকাতা, ২ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচন ২০২৪ এবং কয়েকটি রাজ্যের বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে আজ বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করল ভারতের নির্বাচন কমিশন। ভোট প্রক্রিয়ায় নজরদারি জোরদার করার লক্ষ্যেই এই উদ্যোগ। নতুন দিল্লির নির্বাচন সদনে ২৮ মার্চ ২০২৪ এ নির্বাচন কমিশনার শ্রী জ্ঞানেশ কুমার এবং শ্রী সুখবীর সিং সান্ধুকে সঙ্গে নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার শ্রী রাজীব কুমার এই মর্মে বার্তা দেন। কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী, ৭ কোটির বেশি জনসংখ্যার রাজ্য পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র ও বিহারের পাশাপাশি, অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশার জন্যও বিশেষ পর্যবেক্ষক (সাধারণ ও পুলিশ) নিয়োগ করা হয়েছে। পরের দু-টি রাজ্যে লোকসভার সঙ্গে বিধানসভা নির্বাচনেও ভোট নেওয়া হবে। এই পর্যবেক্ষকরা ভোটকর্মী বেছে নেওয়া, নিরাপত্তাবাহিনী মোতায়েন এবং ভোটযন্ত্র ব্যবহারের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখার দিকটিতে নজর রাখবেন। পশ্চিমবঙ্গে সাধারণ বিশেষ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন উত্তরপ্রদেশ ক্যাডারের অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক শ্রী অলোক সিনহা। এই রাজ্যে বিশেষ পুলিশ পর্যবেক্ষকের দায়িত্ব দেওয়া হয়েছে পাঞ্জাব ক্যাডারের অবসরপ্রাপ্ত আইপিএস আধিকারিক শ্রী অনিল কুমার শর্মাকে।

সাধারণ বিশেষ পর্যবেক্ষক শ্রী সিনহা উত্তরপ্রদেশ সরকারের অতিরিক্ত মুখ্য সচিব পদে কাজ করেছেন একদা। এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব সামলেছেন তিনি। বিশেষ পুলিশ পর্যবেক্ষক শ্রী অনিল কুমার শর্মা ছিলেন পাঞ্জাবের গোয়েন্দা প্রধান। পশ্চিমবঙ্গে ২০২১ সালের বিধানসভা নির্বাচনেও বিশেষ পর্যবেক্ষক হিসেবে কাজ করেছেন তিনি। সংবিধানের ৩২৪ ধারার আওতায় প্রাপ্ত ক্ষমতাবলে কমিশন এই বিশেষ পর্যবেক্ষকদের নিয়োগ করেছে। নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠু রাখার পাশাপাশি, ভোটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যেও এঁরা বিশেষ ভূমিকা নেবেন। সমগ্র প্রক্রিয়ায় যেসব ক্ষেত্রে খামতি রয়েছে তা চিহ্নিত করে সুনির্দিষ্ট সুপারিশ নির্বাচন কমিশনের কাছে পাঠানো এই বিশেষ পর্যবেক্ষকদের মূল দায়িত্বের মধ্যে পড়ে।

প্রতিবন্ধী অধিকার কর্মী জীজা ঘোষ এবং ক্যালকাটা ব্লাইন্ড স্কুলের

## ভারপ্রাপ্ত শিক্ষিকা লিজা ব্যানার্জিকে পশ্চিমবঙ্গের আইকন হিসেবে বেছে নিল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রতিবন্ধী অধিকার কর্মী জীজা ঘোষ এবং ক্যালকাটা ব্লাইন্ড স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষিকা লিজা ব্যানার্জিকে লোকসভা ভোটের জন্য পশ্চিমবঙ্গের আইকন হিসেবে বেছে নিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়।

চলতি বছরের ৮ মার্চ তারিখে আসন্ন লোকসভা নির্বাচনে তাঁদের ভোটাধিকার প্রয়োগের ব্যাপারে মহিলা ভোটারদের উৎসাহিত করেছিলেন শ্রীমতী ব্যানার্জি এবং দেশের ভবিষ্যতের স্বার্থে এক উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছিলেন। দৃষ্টিহীন প্রতিবন্ধী শিশুদের একজন অনন্যসাধারণ প্রশিক্ষক শ্রীমতী ব্যানার্জি অসাধারণ গানও করেন এবং বাংলা কবিতার প্রতি তাঁর বিশেষ ভালোবাসাও রয়েছে। সেরিব্রাল পালসি নিয়েই জন্মগ্রহণ করেছিলেন জীজা ঘোষ। কলকাতা থেকে বিমানে গোয়া যাওয়ার পথে একটি বেসরকারি বিমান সংস্থা তাঁকে জোর করে নামিয়ে দেওয়ায় ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণের নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট, যার জেরে জীজা প্রচারের আলোয় আসেন। দিল্লি বিশ্ববিদ্যালয়ের দিল্লি স্কুল অফ সোশ্যাল ওয়ার্ক থেকে পাশ করা জীজা হলেন একজন উচ্চশিক্ষিতা (এমএসডব্লিউ) সমাজকর্মী। ২০০৬ সালে তিনি ব্রিটেনের লিড্স বিশ্ববিদ্যালয় থেকে প্রতিবন্ধকতা সংক্রান্ত তাঁর দ্বিতীয় স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। বিশেষ ক্ষমতাসম্পন্ন মানুষের আন্দোলনের সঙ্গে যুক্ত জীজার মহিলা প্রতিবন্ধীদের ওপর কাজ করার বিশেষ আগ্রহ রয়েছে। ২০১৮ সালের অক্টোবর মাস পর্যন্ত কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সেরিব্রাল পালসি-র অধীন অ্যাডভোকেসি অ্যান্ড ডিজেবিলিটি স্টাডিজ-এর প্রধান হিসেবে কাজ করেছেন। বর্তমানে তিনি প্রতিবন্ধকতা সংক্রান্ত প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্রে একজন স্বাধীন পরামর্শদাতা হিসেবে কাজ করছেন।

জীজা একটি স্বেচ্ছাসেবী সংস্থা এবং একটি এলএলপি (লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ) সংস্থারও সহ-প্রতিষ্ঠাতা। ২০১৯ সালে তাঁকে ভারতের নির্বাচন কমিশনের দূত হিসেবে মনোনীত করা হয়েছিল। ভোটদান পদ্ধতি সম্পর্কে প্রতিবন্ধী ভোটারদের শিক্ষিত করে তোলার লক্ষ্যে কার্ড তৈরির ব্যাপারে তিনি সহায়তা করেছিলেন।

২ পাতার পর

## এবারের গ্রীষ্মে (এপ্রিল থেকে জুন) দেশের অধিকাংশ জায়গায় তাপপ্রবাহের সতর্কতা জারি আবহাওয়া দফতরের

দিকগুলি হল :

- পূর্ব এবং উত্তর-পূর্ব ভারত, উত্তর-পশ্চিম ভারতের কিছু অংশ ছাড়া দেশের অধিকাংশ জায়গায় এসময় তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকবে।
- এপ্রিল মাসে দেশের অধিকাংশ জায়গায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকবে। তবে, পূর্ব, উত্তর-পূর্ব এবং উত্তর-পশ্চিম ভারতের কিছু এলাকায় সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিক বা স্বাভাবিকের নীচে থাকবে।
- এপ্রিল, মে, জুন মাসে দক্ষিণ ভারতের উপদ্বীপ এলাকা, মধ্য ভারত, পূর্ব ভারত এবং উত্তর-পশ্চিম ভারতের সমতল এলাকায় তাপপ্রবাহ স্বাভাবিকের চেয়ে বেশি হতে পারে।
- এপ্রিলে দেশের অধিকাংশ এলাকায় স্বাভাবিক বৃষ্টিপাতের (৮৮-১১২%) সম্ভাবনা।
- উত্তর পশ্চিম ভারত, মধ্য ভারতের বেশির ভাগ অংশ, উত্তর ভারতের উপদ্বীপ অঞ্চল, পূর্ব এবং উত্তর পূর্ব ভারতের কিছু অংশে স্বাভাবিক বা স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টি হতে পারে।

এপ্রিল থেকে জুন পর্যন্ত আবহাওয়াজনিত পরিস্থিতির কথা বিবেচনা করে বয়স্ক নাগরিক, শিশু এবং তাপমাত্রার কারণে অসুস্থতার কবলে পড়া ব্যক্তিদের উদ্দেশে সতর্কতা জারি করা হয়েছে। সেইসঙ্গে অত্যধিক ক্লান্তি ও হিটস্ট্রোক সম্পর্কেও সতর্ক করে দিয়েছেন আবহাওয়া দফতরের মহানির্দেশক। তিনি বলেন, দীর্ঘ সময় ধরে একটানা তাপপ্রবাহের ফলে শরীরে ডিহাইড্রেশন বা জলশূন্যতার সৃষ্টি হতে পারে এবং বিদ্যুৎ ব্যবস্থা বিঘ্নিত হতে পারে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সবপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা বলেছেন তিনি।

তিনি জানান, তাপপ্রবাহের মোকাবিলায় এনডিএমএ, জলশক্তি মন্ত্রক, কৃষি মন্ত্রক, স্বাস্থ্য মন্ত্রক এবং বিদ্যুৎ মন্ত্রক মিলিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। চাষাবাদের বর্তমান পরিস্থিতি বিশেষত গম সম্পর্কে ডঃ মহাপাত্র জানান, "গত বছরের তুলনায় এবার ১.২১ শতাংশ বেশি এলাকায় গম চাষ করা হয়েছে এবং ১১২.০২ মিলিয়ন টন অর্থাৎ গত বছরের তুলনায় ১.৪৬ এমটি বেশি ফলন আশা করা হচ্ছে।" চলতি বছরে ১১২ থেকে ১১৪ মিলিয়ন টন গম উৎপাদন আশা করা হচ্ছে এবং তাপপ্রবাহ গম উৎপাদনে কোনো উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারবে না।

সোমবার সন্ধেবেলা সায়ন্তিকা পৌঁছে গিয়েছিলেন দক্ষিণেশ্বরে,

## কামারহাটির বিধায়ক মদন মিত্রর বাড়িতে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** দরজায় কড়া নাড়ছে লোকসভা নির্বাচন। গোটা দেশের রাজনীতি এখন লোকসভা নির্বাচন নিয়েই সরগরম। তবে এবার লোকসভা নির্বাচন সকল রাজনৈতিক দলের একমাত্র হাতিয়ার তারকা প্রার্থীরা। তবে শুধু লোকসভা নির্বাচন নয়, কিছু কিছু জায়গায় বিধানসভার উপ নির্বাচনও রয়েছে। কলকাতাও ব্যতিক্রম নয়। সেই প্রেক্ষিতে বরানগর একেবারেই অচেনা মাটি। তাই এখানকার দলীয় সংগঠনের সঙ্গেই প্রচার করছেন তিনি। তাই রাজনীতিক গুরুজনদের থেকে নানারকম টিপসও দরকার হচ্ছে তাঁর। সূত্রের খবর, সোমবার সন্ধেবেলা সায়ন্তিকা পৌঁছে গিয়েছিলেন দক্ষিণেশ্বরে, কামারহাটির বিধায়ক তথা এলাকার জনপ্রিয় নেতা মদন মিত্রর বাড়িতে। তবে ভোটের আগে 'টিপস' নিতে নয়, বরং মদন মিত্রকে দেখতে গিয়েছিলেন অভিনেত্রী। কারণ তিনি বেশ কিছুদিন ধরে অসুস্থ ছিলেন। এক কাজে দু কাজ হল আর কি, এদিন প্রবীণ রাজনীতিকের আশীর্বাদও নিয়েছেন সায়ন্তিকা। সঙ্গে

এরপর ৪ পাতায়

নতুন রেকর্ড গড়ল

## আইআরইডিএ : ঋণ মঞ্জুর এবং প্রদান পৌঁছোল সর্বোচ্চ স্তরে

**নতুন দিল্লি, ২ এপ্রিল ২০২৪ : নিউজ সারাদিন :** পরিবেশবান্ধব শক্তি উৎপাদনের ক্ষেত্রে দেশের বৃহত্তম অব্যাঙ্কিং ঋণদানকারী সংস্থা ইন্ডিয়ান রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি লিমিটেড-আইআরইডিএ বার্ষিক ভিত্তিতে ঋণ মঞ্জুর এবং প্রদানের নিরিখে ২০২৩-২৪ অর্থবর্ষে নতুন রেকর্ড গড়ল। এই সময়ে সংস্থাটি ৩৭,৩৫৪ কোটি টাকার ঋণ মঞ্জুর করেছে। ২৫,০৮৯ কোটি টাকার ঋণ প্রদান করা হয়েছে। সংস্থাটির ঋণ খাতায় এযাবদ পরিমাণ দাঁড়িয়েছে ৫৯,৬৫০ কোটি টাকা - যা আগের বছরের তুলনায় ২৬.৭১% বেশি। আইআরইডিএ-র চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর শ্রী প্রদীপ কুমার দাস বলেছেন, এই বৃদ্ধি দেশে পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রের প্রসারে সংস্থার দায়বদ্ধতাকেই তুলে ধরে। অংশীদার এবং লগ্নিকারীদের সহায়তার সুবাদেই এটা সম্ভব হয়েছে। পুনর্নবীকরণযোগ্য শক্তির ক্ষেত্রে সরকারের উদ্যোগকে জোরদার করতে পেরে আইআরইডিএ খুশি।

১-ম পাতার পর

## লোকসভা ভোট অবাধ এবং শান্তিপূর্ণ করাই এখন বড় চ্যালেঞ্জ নির্বাচন কমিশনের কাছে

বা গন্ডগোল বরদাস্ত করা হবে না। অশান্তি ঠেকাতে বিভিন্ন পদক্ষেপের কথাও বলেছিলেন তিনি। এ ছাড়া কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, ওয়েব কাস্টিংয়ের উপর জোর দেওয়া হচ্ছে তার আভাসও দিয়েছিলেন রাজীব। সূত্রের খবর, স্পর্শকাতর বুথ চিহ্নিত করা, কোন কোন বুথে ওয়েব কাস্টিং করা হব্বে এই সব ঠিক করতে সম্প্রতিই জেলাশাসক তথা জেলার নির্বাচনী আধিকারিকদের থেকে কমিশন তথ্য চেয়েছিল। সেই তথ্যের ভিত্তিতেই রিপোর্ট তৈরি করা হয়। শোনা যাচ্ছিল, রাজ্যের স্পর্শকাতর বুথগুলিতেই শুধুমাত্র ওয়েব কাস্টিংয়ের ব্যবস্থা করা হবে। তবে মঙ্গলবার কমিশন জানিয়ে দিল, রাজ্যের ১০০ শতাংশ বুথেই ওয়েব কাস্টিং হবে।

১-ম পাতার পর

## লোকসভা নির্বাচনের প্রাক্কালে তৃণমূল বিধায়ক তথা অভিনেত্রী লাভলি মৈত্রের স্বামীর বদলি

উগড়ে দিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় ।

সোনারপুর দক্ষিণের তৃণমূল বিধায়ক লাভলি । এদিকে তাঁর স্বামী সৌম্য কলকাতা পুলিশের (দক্ষিণ পশ্চিম ডিভিশন) ডিসিপি পদে কর্মরত ছিলেন। তবে এবার কমিশনের তরফ থেকে স্পষ্ট জানানো হয়েছে, নির্বাচন সংক্রান্ত কোনও কাজে তাঁকে রাখা যাবে না। একথা কানে আসতেই ক্ষোভ উগড়ে দেন মমতা। "স্ত্রী বিধায়ক বলে কি স্বামী চাকরি করবে না?' প্রশ্ন তোলেন তিনি।

মঙ্গলবার চালসার বৃদ্ধাশ্রম থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'লাভলি বিধায়ক হওয়ার অনেক আগে সৌম্য আইপিএস হয়েছে। স্ত্রী যদি বিধায়ক হয় তাহলে কি স্বামী চাকরি করবে না? এটা আবার কী!' এখানেই না থেমে কেন্দ্রকে নিশানা করে মমতার প্রশ্ন, 'ভোটের মুখে নিজেদের কজন অফিসারের বদলি করেছ? কতজন বিএসএফের বদলি করেছ? বিচার সবার জন্য সমান হওয়া উচিৎ'।

১-ম পাতার পর

## জোর করে জমি নিয়ে টাকা আয় করতেন এবং কালো টাকা কীভাবে সাদা করতেন শাহজাহান

চেষ্টা করেছেন। তাছাড়া, শাহজাহান একাধিক প্রশ্ন এড়িয়ে যাচ্ছেন। তিনি তদন্তে সহযোগিতা করছেন না। আরও অনেকের নাম জানা গিয়েছে। তারা পালিয়ে যেতে পারেন। ইডির তরফে দাবি করা হয় যে শুধু সন্দেশখালির স্বার্থে নয় গোটা ভারতের স্বার্থে শাহজাহানকে ইডি হেফাজতে পাঠানো হোক। এর পরে তাকে ১৩ এপ্রিল পর্যন্ত ইডি হেফাজতে পাঠানোর নির্দেশ দেয় আদালত।কীভাবে জোর করে জমি নিয়ে টাকা আয় করতেন এবং কালো টাকা কীভাবে সাদা করতেন শাহজাহান? সেই তথ্য আদালতে পেশ করে ইডি।

ইডির পক্ষ থেকে আদালতে দাবি করা হয়, শেখ শাহজাহান আদিবাসীদের কাছ থেকে জোর করে জমি নিতেন। আর সেই জমি অন্য কাউকে টাকার বিনিময়ে ব্যবহার করতে দিতেন। এভাবেই ওই সমস্ত জমি থেকে প্রচুর টাকা আয় করতেন শাহজাহান, যা সবই ছিল কালো টাকা।

শুধু তাই নয় সন্দেশখালিতে যে সিন্ডিকেট চলত, তার মূল পান্ডা ছিলেন এই শাহজাহান। ইডি দাবি করেছে, ভেড়ির আড়ালে ওই কালো টাকা সাদা করা হত। ওই কালো টাকা যে আসলে সঠিকভাবে আয় করা হয়েছে, তা বোঝানোর জন্য বেশ কয়েকজন ঘনিষ্ঠকে ভেড়ির মালিক হিসেবে দেখানো হত। সেই ভেড়িতে চলত চিংড়ির ব্যবসা। আর সেই ব্যবসার মাধ্যমেই কালো টাকা সাদা করতেন শাহজাহান। চিংড়ির যে ব্যবসা রয়েছে, সেটি শাহজাহানের মেয়ে শেখ সাবিনার নামে রয়েছে। ইডি দাবি করছে, চিংড়ি কেনাবেচার ক্ষেত্রে নগদ টাকাতেই লেনদেন হত। আর সেই টাকা একটি সংস্থার মাধ্যমে ব্যাঙ্ক অ্যাকাউন্টে চলে যেত। যে সংস্থার মাধ্যমে টাকা লেনদেন হত, সেই সংস্থার নামও আদালতে এদিন পেশ করে ইডি।

যদিও এদিন আদালতে শাহজাহানকে গ্রেফতারের বৈধতা নিয়ে প্রশ্ন তোলেন তাঁর আইনজীবী। তিনি দাবি করেছেন, নিয়ম অনুযায়ী গ্রেফতারের ২৪ ঘণ্টার মধ্যে আদালতের হাজির করানো উচিত। কিন্তু শাহজাহানের ক্ষেত্রে সেই নিয়ম মানা

২ পাতার পর

## কেন্দ্রীয় এজেন্সি নিয়ে মুখ খুললেন শীর্ষ আদালতের প্রধান বিচারপতি

সংক্রান্ত যে সমস্ত অপরাধ রয়েছে, সেগুলির দিকে নজর দিতে হবে। ইডি, সিবিআইয়ের মতো তদন্তকারী সংস্থা শাসকদলের স্বার্থসিদ্ধির জন্য রাজনৈতিক পদক্ষেপও করছে বলে অভিযোগ বিরোধী শিবিরের।সোমবার 'সিবিআই রেজিং ডে'-তে ডিপি কোহলি স্মারক বক্তৃতায় দেশের প্রধান বিচারপতি বক্তব্য রাখতে একথা বলেন তিনি। বিচারপতি বলেন, সিবিআইকে বিভিন্ন রকমের ফৌজদারি মামলার তদন্তে জড়িয়ে যেতে হচ্ছে, এর ফলে নিজেদের লক্ষ্যে স্থির থাকা তাদের পক্ষে আরও কঠিন হয়ে উঠছে। শুধু তাই নয়, চাপের কারণে তদন্তের গতি প্রভাবিত হচ্ছে বলেও আদালতে জানায়।

২ পাতার পর

## আবগারি দুর্নীতি মামলায় জামিন পেল আপ নেতা

কেজরিওয়াল, সেইসময় আরেক আপ নেতাকে জামিন দিল সুপ্রিম কোর্ট। বিচারপতি সঞ্জীব খান্না, বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি প্রসন্ন বি ভারালের বেঞ্চ এদিন তাঁকে জামিন দেয়।উল্লেখ্য, প্রশ্ন উঠছে একই মামলায় যখন হেফাজতে রয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিনদ কেজরিওয়াল, উপমুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া এবং প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈন সেইসময় কেন সঞ্জয় সিংয়ের জামিন নিয়ে বিরোধীতা করল না কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা? তাহলে কি বিরোধীদের আশঙ্কাই ঠিক ছিল! ইডি, সিবিআইকে ব্যবহার করে নির্বাচনের আগে বিরোধী দলগুলিকে বিব্রত করার চেষ্টা করছে বিজেপি। আর তা নিয়ে ফের আরও একবার শুরু হল রাজনৈতিক জল্পনা।আবগারি দুর্নীতি মামলায় ছয়মাস জেলবন্দি ছিলেন আপ নেতা সঞ্জয় সিং। তবে এদিন সুপ্রিম কোর্টে তাঁকে জামিন দিলেও কোন বিরোধীতা করেনি এনফোর্সমেন্ট ডিরেক্টরেটর। এদিন শীর্ষ আদালতের রায়ের পর প্রবীণ আপ নেতা এক্স-হ্যান্ডেলে পোস্টে করে লিখেছেন 'সত্যমেব জয়তে'। গত ৪ অক্টোবর সিংকে গ্রেফতার করে অ্যান্টি মানি লন্ডারিং এজেন্সি। ইডি-র অভিযোগ, ২০২১-২০২২ সালের আবগারি নীতি প্রণয়ন ও বাস্তবায়নে সিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। আর সেই সময়কালে কিছু মদ প্রস্তুতকারক, পাইকারি ও খুচরা বিক্রেতাদের আর্থিক দিক থেকে সুবিধা লাভ পেয়েছিল । তবে সিং এই দাবি প্রত্যাহার করে বলেছে, তিনি এই সকল দুর্নীতির সঙ্গে যুক্ত ছিল না। আর এবার তাঁর কথাতেই সিলমোহর দিল দেশের শীর্ষ আদালত।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ৯১ সংখ্যা ০৩ এপ্রিল, ২০২৪ বুধবার ২০ চৈত্র, ১৪৩০

৩ পাতার পর

## সোমবার সন্ধেবেলা সায়ন্তিকা পৌঁছে গিয়েছিলেন দক্ষিণেশ্বরে, কামারহাটির বিধায়ক মদন মিত্রর বাড়িতে

দক্ষিণেশ্বরে পুজোও দিয়েছেন। মদন মিত্র অনেকদিন হাসপাতালে চিকিতসাধীন ছিলেন। তার পর তাঁকে ছাড়া হলেও চিকিতসকরা বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন। আর ওই এলাকা মদন মিত্রের নখদর্পণে, তাই কিছুটা টিপসও যে পেয়েছেন নায়িকা, টা বলাই বাহুল্য!যাই হোক, গত ১০ মার্চ রাজ্যের শাসক দল লোকসভা নির্বাচনে তাঁদের প্রার্থী তালিকার নাম ঘোষণা করেছে। যেখানে ছিল না প্রত্যাশিত অনেকের নাম আবার নতুন অনেকের নাম যুক্ত হয়েছে তালিকায়। কিন্ত ৩ বছর আশা করে থাকলেও লোকসভা নির্বাচনের তৃণমূলের হয়ে টিকিট পাননি টলিউড অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়। বাঁকুড়া কেন্দ্র থেকে তাঁর দাঁড়ানোর কথা ছিল। কিন্তু শেষ মুহূর্তে পাশা পাল্টে যায়।গুজব উঠেছিল টিকিট না পাওয়ায় সায়ন্তিকা টি এমসি দল ছাড়ছেন। ভাইরাল হয়েছিল অভিনেত্রীর একটি ইস্তফপত্রও। কিন্তু বিষয়টি অভিনেত্রীর কান পর্যন্ত পৌঁছলে তিনি নিজেই জানান, লোকসভা নির্বাচনের টিকিট পাননি ঠিকই, তাতে একটু অভিমান আছে তাঁর! কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ছাড়ার প্রশ্নই ওঠে না। কিন্তু কথায় আছে না, সবুরে ফল মিঠা হোতা হ্যায়! হ্যাঁ, লোকসভা নির্বাচনের টিকিট পাননি তো কী হয়েছে, তৃণমূলের হয়ে দিন কয়েক আগেই বরাহনগর বিধানসভা উপ নির্বাচনের টিকিট পেয়েছেন সায়ন্তিকা। শুরু করেছেন প্রচারপর্বও। আগামী ১ জুন উত্তর কলকাতায় ভোটের দিন একইসঙ্গে বরানগরের উপনির্বাচনে ভোট হবে। রাজ্যের দুটি বিধানসভা আসনে ভোট হবে। আর তার জন্য প্রতিদিনই প্রচারে বেরিয়ে পড়ছেন বরানগরের তৃণমূল প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়। তবে প্রার্থী হওয়া তাঁর কাছে নতুন নয়! এর আগে বাঁকুড়া বিধানসভা কেন্দ্র দাঁড়িয়েছিলেন তিনি। কিন্তু সেখানে হেরে যান।

## সম্পাদকীয়

### সীমান্তেও বাড়তি নজর রয়েছে নির্বাচন কমিশনের

সামনেই লোকসভা নির্বাচন । দেশজুড়ে সীমান্ত এলাকাগুলির পাশাপাশি বাংলা সীমান্তেও বাড়তি নজর রয়েছে নির্বাচন কমিশনের। মঙ্গলবার বিজ্ঞপ্তি দিয়ে কমিশন বাংলা-সহ মোট ৬ রাজ্যে বিশেষ পর্যবেক্ষক নিয়োগের কথা জানাল। এছাড়া পুলিশ পর্যবেক্ষকও নিয়োগ করা হয়েছে।যেখানে যেদিন ভোটগ্রহণ, সেসব লোকসভা কেন্দ্রের দায়িত্বে থাকা নির্বাচনী আধিকারিকদের কাজের উপর নজরদারির দায়িত্ব এই পর্যবেক্ষকদের। পরিস্থিতি বুঝে যে কোনও সময়ে তাঁদের থেকে রিপোর্ট চাইতে পারেন পর্যবেক্ষকরা। তাঁরা রিজিওনাল অফিসার ও নোডাল অফিসারদের মধ্যে তথ্য, রিপোর্ট আদানপ্রদান করবেন। তবে বিশেষ নজর থাকবে সীমান্ত এলাকায়। প্রথম দফা ভোটের দুই কেন্দ্র কোচবিহার ও আলিপুরদুয়ার সীমান্ত এলাকা। তার মধ্যে কোচবিহার এমনিতেই অশান্তিপ্রবণ এলাকা। ফলে বাড়তি সতর্কতা থাকবেই। এছাড়া এই বিশেষ পর্যবেক্ষকরা জেলা প্রশাসন অর্থাৎ নির্বাচনের দায়িত্বে থাকা আধিকারিকদের সঙ্গে নিয়মিত বৈঠকে থাকবেন।কোন রাজ্যে পর্যবেক্ষক হিসেবে কাকে পাঠানো হচ্ছে, বিজ্ঞপ্তিতে তা বিস্তারিত জানিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। পশ্চিমবঙ্গে বিশেষ পর্যবেক্ষক হচ্ছেন অবসরপ্রাপ্ত আইএএস অলোক সিনহা। আর বিশেষ পুলিশ অবজার্ভার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে অবসরপ্রাপ্ত আইপিএস অনিল কুমার শর্মাকে।

পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র এই ৬ রাজ্যে আপাতত বিশেষ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে। এর মধ্যে চার রাজ্যেই প্রথম দফা অর্থাৎ ১৯ এপ্রিল ভোট। তার আগেই এই পর্যবেক্ষকদের নিয়োগ করা হল। তাঁদের কাজ কী হবে, কীভাবে হবে, সবটাই বিস্তারিত জানিয়েছে নির্বাচন কমিশন । পর্যবেক্ষকরা সংশ্লিষ্ট রাজ্যের কমিশনের মূল অফিসে থাকবেন। সেখান থেকে প্রয়োজনমতো স্পর্শকাতর এলাকাগুলিতে যাবেন। সামগ্রিকভাবে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত অফিসারদের সঙ্গে সমন্বয় করবেন তাঁরা।

# আজকের দিনেও মানুষ সেবায় শ্রেষ্ঠতা তিনি মাদার টেরিজা।



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)

বিজ্ঞানের যুগে মহামারী এমনই কঠিন পরিস্থিতির মধ্যে পড়তে হবে আমরা কেউ কোনোদিন ভাবতে পারিনি। এমনি কঠিন পরিস্থিতির মধ্যে সারা বিশ্বে লকডাউন চলছে এর হাত থেকে রেহাই পায়নি আমাদের বাংলাও।সীমিত সময়ের জন্য নিজের পেশার তাগিদে মাঝেমধ্যে বেরাতে হচ্ছে, বেশিরভাগ সময় ঘরের মধ্যে আবদ্ধ জীবন যাপন করছি।তেমনি কঠিন পরিস্থিতির মধ্যে মনে পড়ে যায় ছোটবেলার দিনগুলো দেখ আছে কথা।আমি তখন নবম শ্রেণীর ছাত্র মাদার টেরিজা কে নিয়ে সমালোচনার ঝড় ভারতবর্ষের ইতিহাসে বইছে।তখন থেকে জানার ইচ্ছাটুকু আরো প্রবল হয়ে গেছিল কে মাদার টেরিজা।আজকের এই পরিস্থিতিতে মাদার টেরিজার কথা খুব মনে পড়ে যায় ও আমার দেখা ছোটবেলার দিনগুলো। চেনা সেই নদীর পারে ছোট্ট একটি মাটির কুঁড়েঘর, নদীটির নাম ছিল আঠারোবাকি। সরদার পরিবার সুন্দরবনের হেদিয়া আবার জঙ্গলটা কে হাসিল করে বাসযোগ্য জমি করে তুলেছিল ইংরেজদের আমলে।এখানে বসবাস করত সদানন্দ সরদার ও তার ছোট ছোট ছেলে-মেয়েরা, সদানন্দ সদ্দার এর বড় ছেলের নাম ছিল নন্ত সরদার তার জন্ম হয়েছিলেন হেদিয়াতে। নন্ত সরদারের তিন ছেলেমেয়ে ছিলেন দুখিরাম সরদার ,করুণা সরদার ওরফে হাসি, ছোট ছেলে লালু সরদার। সদানন্দ সরদার ছিলেন জমিদার পরিবারে অনাহারে জীবন যাপন করেছে এরা।ছোটবেলায় কষ্ট পেয়ে বড় হয়েছিলেন দুখিরাম সরদার লালু সরদার ও হাসি,তাই ছোট থেকে মানুষ সেবায় নিযুক্ত হয়েছিলেন দুখিরাম সরদার। ছোটবেলায় দেখেছি ছোটো কুঁড়েঘরে একের পর এক লোক বাই জানাচ্ছে দুখিরাম সরদারকে, দিনটা কিরম সরদার মানুষ সেবা করতে করতে সমাজের মাতা হয়ে গেলে।সৎ এবং নিষ্ঠাবান দুখিরাম সরদারকে রাজনৈতিক হিংসায় প্রায়শই দিয়েছিলেন। গভীর রাতে এক অজানা শক্তি দুখিরাম সরদারের প্রাণ কেড়ে নিল। আজ তিনি এই গ্রামে নেই,এই কঠিন পরিস্থিতি হয়তো তাকে দেখা যেত মানুষ সেবায় এমনভাবে নিয়োজিত হয়েছে যা মানুষের কাছে সমালোচনার জায়গায় দাঁড়িয়ে যেতেন।ভালো কাজ করার পরিণাম অনেক অত্যাচার, অবিচার, অপমান সইতে হয়।এই সদ্দার পরিবারে আমার মত হতভাগ্য জন্ম হয়েছিল,আজ ইচ্ছা থাকলে মানুষ সেবা করার মতন অর্থ সামর্থ্য নেই আমার পরিবারের । তবে যতটা পারি মানবিকতা সুখ-দুঃখ ইতিহাস মানুষের জন্য লিখে চলেছি।মাদার টেরিজার সেই স্মৃতি এখনো যেন একটি গল্প আমাকে জাগিয়ে তোলে, একটি সভাতে মাদার টেরিজা বক্তৃতা দিতে গিয়েছিলেন। তবে মাদার টেরিজা কোন ভাবে জানতে পারে যে সেই খানেতে একটি হিন্দু পরিবার ১০ দিনের ও বেশী দিন অনাহারে আছে, অসহায় হয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। মাদার টেরিজা সহ্য না করতে পেরে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী মেয়ে নিয়ে বাড়িতে উপস্থিত হলেন।যখন ওই অনাহার পরিবারটিকে খাদ্য সামগ্রী তুলে দেন,তখনই মাদার টেরিজা কে দাঁড় করিয়ে রেখে বলেন দেন খাবারটা আমাকে, সেখান থেকে অর্ধেকটা খাদ্য সামগ্রী নিয়ে আরেকটি অসহায় মুসলিম পরিবারকে দিয়ে এলেন এই হিন্দু পরিবার।



□ মাদার টেরিজা সেটি দেখে অবাক হয়েছিলেন,যে পরিবারটা নিজে খেতে পারছিল না। তার দশ দিনের খাদ্য সামগ্রী তুলে দিলাম সে আবার অন্যের সেবা করতে ব্যস্ত।মাদার টেরিজা বলেছিলেন জাত দেখে মানুষ সেবা করা যায় না মানুষ সেবা নিজে থেকেই চলে আসে।আজকের দিনে এমনই কঠিন পরিস্থিতির মধ্যে মানুষ জাতপাত নির্বিশেষে মানবসেবায় নিয়োজিত হন, এবং অনেকেই হচ্ছে। এতে সমস্ত জাতির মানুষের মঙ্গল হবে।সবকিছুর উর্ধ্বে মানুষ সেবা হওয়া উচিত বলে মনে করছি,মানুষের সেবা করতে গেলে নানান জল্পনা-কল্পনা সমালোচনা হবে।মাদার টেরিজার মতন ব্যক্তি ভালো কাজের সমালোচনা হয়েছিল, আজকেরে তা থাকবে

□ না তা হয় না ।সেবায় অসামান্য কাজ নিয়েও শুরু হয় আলোচনা-সমালোচনা। যদিও মাদার তেরেসার সমালোচকেরা খুব কম তথ্য প্রমানই হাজির করতে পেরেছিলেন। ব্রিটিশ মেডিকেল জার্নাল এবং দ্য ল্যান্সেট নামের মোটামুটি জনপ্রিয় পত্রিকা মাদার তেরেসার সেবা প্রতিষ্ঠানগুলোর চিকিৎসা সেবার মান নিয়ে প্রশ্ন তোলেন। অনেকে তো আবার ইনজেকশনে একই সূচ একাধিকবার ব্যবহারের কথা বলেছেন। সমালোচনা করা হয় কেন্দ্রগুলোর জীবন যাত্রার মান নিয়েও। কিন্তু এগুলো ছিলো মাদার তেরেসার মানব সেবার মত বিশাল কাজের শরীরে ছোট্ট ধাক্কা মাত্র!

□ মাদার টেরিজা বা তেরেসা শব্দটা শুনলেই চোখের সামনে ভেসে উঠে নীল পাড়ের সাদা রঙের এক বিশেষ পোষাক পরিহিত সংকীর্ন শরীরের এক বৃদ্ধাকে। কোঠরের ভেতরে থাকা ঘোলাটে চোখ তখনও বেশ উজ্জ্বল। মনে হয় যেন বয়স নয় ; বরং কাজ করে ক্লান্ত হয়ে তিনি নুয়ে পরেছেন। নামের সাথে পার্মানেন্টলি 'মাদার' শব্দটি জুড়ে যাওয়া এই মহিলাকে আমরা প্রায় সবাই চিনি। কিন্তু তার সম্পর্কে কতটুকুই বা জানি। আজ আমরা জানবো তার জীবন ও দর্শন সম্পর্কে। ভালো কাজ ও মানবতার দূত হিসেবে যিনি আমৃত্যু কাজ করলেও এ কাজের পেছনের গল্পটা খুব সহজ কিন্তু ছিলোনা। তার জীবনেও ছিলো উপন্যাসের মত নানামুখী বাঁক। কিন্তু এসব ছেড়েও দেশত্যাগী হয়ে তিনি ছুটেছেন শান্তির পেছনে। আর তাকে নিয়েই থাকছে আজকের লেখা।

□ তিনি জন্মগ্রহন করেন ২৬শে আগস্ট ১৯১০ সালে আলবেনিয়ায় জন্মগ্রহন করেন। বংশগত ভাবে তিনি আলবেনীয় হলেও তিনি ছিলেন ভারতীয় ক্যাথেলিক সন্নাসী। সন্নাসীনী তেরেসার একমাত্র পেশা ছিলো মানবসেবা। ছোটবেলা থেকেই তিনি সবার জন্য কিছু করে যাবার স্বপ্ন দেখতেন। দুর্বল ও দরিদ্র লোকেরা যেন কোন জায়গায় তাদের অর্থ বা শক্তির জন্য পিছিয়ে না পড়ে এটি তিনি প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। তবে আমাদের মত তার স্বপ্ন এতটা ফিকে ছিলোনা। তার স্বপ্নের গন্ডি ছিলো পুরো পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা করার। মাদার তেরেসার বাবা আলবেনিয়ার রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। কিন্তু কিশোরী তেরেসা কখনোই তার বাবার পেশা দ্বারা প্রভাবিত হননি। ১৯১১ সালে তেরেসার বয়স যখন মাত্র আট বছর, তখন তার বাবা দূর্ভাগ্যবশত মারা যান। তার বাবার মৃত্যুর পর তার মা তেরেসাকে ক্যাথলিক ধর্মের প্রতি আগ্রহী করে তোলেন। এবং এর আদর্শে লালন পালন শুরু করেন। তিনি এতে এতই

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

লোকমুখে প্রচলিত যে একদা নাকি এখানে নরবলিও হত। তবে হয়তো এসবই গল্প কথা, ভয় জাগানোর জন্য। কিম্বা অনার্য সরল মানুষ গুলির বদনাম করার জন্য, শহুরে মানুষদের রটনা।সে যাই হোক, এই দেবতার থানের অপার মহিমায় বাঙালি, বিহারী, আদিবাসী সবাই বিশ্বাসী। তাই পরে চুটোনাথ থানের আদি শিলাপুজোর স্থলের একদম পাশেই একটি নতুন মন্দির ও দুধ সাদা শিবলিঙ্গের প্রতিষ্ঠা করা হয়, নাম দেওয়া হয় চুটোনাথ শিবমন্দির । ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

# বিধানসভা উপনির্বাচনে তৃণমূল প্রার্থী সায়ন্তিকা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গুঞ্জন আগেই ছিল, অবশেষে আনুষ্ঠানিকভাবে অভিনেত্রী সায়ন্তিকা ব্যানার্জিকে বরানগর বিধানসভা উপনির্বাচনের প্রার্থী ঘোষণা করেছে তৃণমূল। গতকাল শুক্রবার বিকেলে বরানগরের উপনির্বাচনে প্রার্থী হিসেবে তার নাম ঘোষণা হয়।

এক ভিডিয়ো বার্তায় সায়ন্তিকা বলেন, আমি কৃতজ্ঞ আমার দলের কাছে। আমার নেত্রী মমতা ব্যানার্জি এবং আমার নেতা অভিষেক ব্যানার্জিকে ধন্যবাদ জানাচ্ছি। বরাহনগরের মতো গুরুত্বপূর্ণ একটি আসনে তাঁরা যে আমার উপর বিশ্বাস এবং ভরসা করেছেন, তার জন্য আমি কৃতজ্ঞ। আমি নিশ্চিত যে আমি জয়ী হয়ে এই আসনটি আমার দলের হাতে তুলে দিতে পারব।

ভারতীয় গণমাধ্যম জানিয়েছে, ভারতে সাত ধাপে জাতীয় নির্বাচন (লোকসভা ভোট) শুরু হবে ১৯ এপ্রিল। শেষ ভোট হবে ১ জুন। সেই সঙ্গে দেশটির ২৬ রাজ্যের বিধানসভা উপনির্বাচন হবে। এই নির্বাচন সামনে রেখে বরানগরে প্রার্থী করা হয়েছে দলের রাজ্য সম্পাদক অভিনেত্রী সায়ন্তিকাকে। আর ভগবানগোলা বিধানসভার উপ নির্বাচনে প্রার্থী করা হয়েছে রেয়াত হোসেন সরকারকে। ভগবানগোলার তৃণমূল বিধায়ক ইদ্রিস আলি সম্প্রতি মারা গেছেন। সেই কারণে সেখানে উপ-নির্বাচন হবে। আর বরাগরের তৃণমূল বিধায়ক তাপস রায় বিধানসভা থেকে ইস্তফা দিয়ে, উত্তর কলকাতা আসন থেকে লোকসভা ভোটে বিজেপির প্রার্থী হয়েছেন। সেই কারণে উপ-নির্বাচন হচ্ছে বরানগরে। ইতোমধ্যে বিজেপি প্রার্থী হিসেবে নাম ঘোষণা করা হয়েছে বিজেপি নেতা, কাউন্সিলর সজল ঘোষের। আগামী ১ জুন দুই আসনে ভোটগ্রহণ। ৪ জুন লোকসভা ভোটের ফল ঘোষণার দিন, উপনির্বাচন আসনের ফল ঘোষণা হবে।

২০২১ সালের বিধানসভা ভোটে বাঁকুড়া প্রার্থী হয়েছিলেন অভিনেত্রী। কিন্তু, বিজেপির কাছে পরাস্ত হতে হয়। এরপর দল তাকে জানায়, বাঁকুড়ার মাটি কামড়ে পড়ে থাকলে ২৪ সালে তাকে সংসদ নির্বাচনের টিকিট দেওয়া হবে। সেই লক্ষ্যে বিনোদন জগতকে একপ্রকার বিদায় দিয়ে দলের অনুগামী সৈনিক হয়ে কলকাতা ছেড়ে বাঁকুড়ার মাটি কামড়ে পড়েছিলেন। কিন্তু সংসদ নির্বাচনে তৃণমূল প্রার্থী তালিকা ঘোষণা হতেই দেখা যায় তালিকায় নাম নেই অভিনেত্রীর। এরপরই দলের ওপর ক্ষুব্ধ ছিলেন সায়ন্তিকা। প্রার্থী হতে না পেরে অভিমানের কথা প্রকাশ্যে বলেও ফেলেছিলেন অভিনেত্রী। তবে তার অভিমানের দাম, কিছুটা পেলেন। বাঁকুড়া লোকসভার বদলে তাকে বরানগর বিধানসভা উপনির্বাচনে প্রার্থী করল শাসক তৃণমূল।

# অন্তঃসত্ত্বা হওয়ার গুঞ্জন নিয়ে মুখ খুললেন পরিণীতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুক্তি আসন্ন ছবি 'চমকিলা' নিয়ে প্রচারে ব্যস্ত পরিণীতি চোপড়া। অভিনেত্রীকে বৃহস্পতিবার মুম্বাইতে একটি কালো পোশাকে ইভেন্টে অংশ নিতে দেখা গিয়েছিল। সেই ছবি এবং ভিডিও সামনে আসতেই নেটিজেনরা অনুমান করছেন যে অভিনেত্রী সন্তানসম্ভবা।

আর তার পরই সমস্ত গুজবে পানি ঢেলে দিয়ে এদিন ইনস্টাগ্রামের স্টোরিতে পরিণীতি চোপড়া তার প্রতিক্রিয়া জানান। সেখানে তিনি হাসির একটি ইমোজিসহ লেখেন- 'কাফতান ড্রেস মানেই গর্ভবতী! ওভারসাইজড টিশার্ট মানেই গর্ভবতী। ঢিলেঢালা কুর্তি মানেই গর্ভবতী।' তবে চমকিলার ট্রেলার লঞ্চ অনুষ্ঠান নয় কেবল, কয়েক সপ্তাহ আগেও রটে গিয়েছিল যে পরিণীতি চোপড়া নাকি গর্ভবতী। এর আগে, হিন্দুস্তান টাইমসকে দেওয়া সাক্ষাৎকারে পরিণীতির স্বামী রাঘব চাড্ডাও পরিণীতির অন্তঃসত্ত্বা হওয়ার গুঞ্জন উড়িয়ে দেন।

# দেড় বছর বয়সেই ২৫০ কোটি টাকার মালিক রণবীরকন্যা রাহা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বয়স সবে দেড় বছর। এর মধ্যেই বলিউডের সব থেকে ধনী তারকা সন্তানের তকমা পেয়ে গেছে ছোট্ট রাহা কাপুর! ২৫০ কোটি রুপির মালিক এই স্টারকিড!

আর এই স্টারকিড হচ্ছে 'রণলিয়া' খ্যাত দুই বলিউড তারকা রণবীর কাপুর ও আলিয়া ভাটের একমাত্র মেয়ে। কিন্তু কীভাবে এতো অর্থ জমা পড়েছে ছোট্ট রাহার অ্যাকাউন্টে?

এক প্রতিবেদনে জানানো হয়েছে, এই মুহূর্তে মুম্বাইয়ের পালি হিলস্ এলাকায় এক অ্যাপার্টমেন্টের ৯ তলায় থাকেন 'রণলিয়া' দম্পতি। এই আবাসনে আলিয়ারও একটি ফ্ল্যাট রয়েছে, যার আনুমানিক মূল্য ৩২ কোটি রুপি (বাংলাদেশি মুদ্রায় ৪২ কোটি টাকা)। অন্যদিকে, গত তিন বছর ধরে বান্দ্রায় নিজেদের বাংলো তৈরি করছেন এই তারকা দম্পতি। দাদা রাজ কাপুরের 'কৃষ্ণা রাজ' বাংলোকেই নতুনভাবে তৈরি করছেন তারা। কাজ প্রায় শেষ, খুব শিগগিরই নিজেদের স্বপ্নের বাড়িতে প্রবেশ করবেন রণবীর-আলিয়া। আর এই বাংলোর আনুমানিক মূল্য প্রায় ২৫০ কোটি রুপি তথা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩৩০ কোটি টাকা। কারণ, শাহরুখ খানের 'মন্নত' ও অমিতাভ বচ্চনের 'জলসা'র সমপরিমাণ বাজারমূল্য এই 'কৃষ্ণা রাজ' বাংলোর।

বলিউডের ঘনিষ্ঠ সূত্রের খবর, নিজেদের উপার্জনের অনেকটা অর্থই 'কৃষ্ণা রাজ' বাংলোতে বিনিয়োগ করছেন 'রণলিয়া'। আর বাংলোটি ইতোমধ্যেই মেয়ে রাহার নামে করে দিয়েছেন তারা। সে হিসাবে রাহা কাপুরই এই মুহূর্তে বলিউডের সব থেকে ধনী তারকা সন্তান। আপাতত ২৫০ কোটি রুপির কথাই জানা পাপারাজ্জিদের। রাহা হয়ত এর থেকেও বেশি অর্থের মালিক। কারণ, এই বাংলোটি ছাড়াও মুম্বাই শহরে চারটি ফ্ল্যাট রয়েছে আলিয়ার। এছাড়া লন্ডনে একটি বাড়ি রয়েছে অভিনেত্রীর। কে জানে এসব সম্পত্তি বা এদের কোনো একটিও মেয়ে রাহার নামে কি না!



# পরমব্রতর নজরদারিতে অনুপম





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের জনপ্রিয় গায়ক অনুপম রায়। অন্যদিকে দর্শকপ্রিয় অভিনেতা পরমব্রত। এই দুইজনকে নিয়ে আলোচনা কম হচ্ছে না। অনুপমের সঙ্গে বিচ্ছেদের পর পরমব্রতর সঙ্গে ঘর বেঁধেছেন পিয়া চক্রবর্তী। তবে অনুপমের সঙ্গে বন্ধুত্বে ইতি টানেননি পরমব্রত!

মার্চের শুরুতেই গায়িকা প্রশ্মিতা পালকে বিয়ে করেছেন অনুপম। এ সময় প্রাক্তনকে বিয়ের শুভেচ্ছা জানিয়েছিলেন পিয়া। সম্প্রতি অনুপমের ইনস্টাগ্রাম পোস্টেও লাইক দেন প্রাক্তন স্ত্রী।

ঢাকায় এসে রূপচাঁদা মাছভাজা তৃপ্তি করে খাওয়ার স্থিরচিত্র পোস্ট করেছিলেন অনুপম। এতে ভার্চুয়াল ভালোবাসার চিহ্ন আঁকেন পিয়া। এর কয়েক ঘণ্টা যেতে না যেতেই আবারও ঢাকা ডায়েরির বাছাই করা মুহূর্তের ভিডিও কোলাজ পোস্ট করেন অনুপম। সেই পোস্টে লাইক দেন পরমব্রত।

অভিনেতার লাইকের স্ক্রিনশট মুহূর্তেই সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে টনক নড়ে পরমের। চটজলদি সেই পোস্ট ডিজলাইকও করে দেন তিনি। নিন্দুকদের মতে অনুপমের প্রোফাইলে গোপন নজরদারি চালাচ্ছিলেন পরমব্রত। ভুলবশত লাইক পড়ে যায়।

প্রসঙ্গত, অনুপমের সঙ্গে বিবাহবিচ্ছেদ হলেও, এখনও পরস্পরকে ইনস্টাগ্রামে ফলো করেন অনুপম-পিয়া। পরমব্রতও ফলো করেন অনুপমকে। এই ত্রয়ীর এমন ভার্চুয়াল ভাবের ব্যাপারটা নেটিজেনদের অনেকের চোখে খটকা হলেও নিজেদের জীবন নিজের মতো গুছিয়ে নিয়েছেন' তারা।

গত বছর ২৭ নভেম্বর অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়ের সঙ্গে আইনি বিয়ে সারেন পিয়া চক্রবর্তী। সেই নিয়ে জল কম ঘোলা হয়নি। এদিকে, আলোচনা থিতু হতেই তৃতীয় বিয়ে সেরে ফেলেন অনুপম। চলতি মাসের শুরুতেই গায়িকা প্রশ্মিতা পালকে বিয়ে করেছেন তিনি। অনুপমের এটা তৃতীয় বিয়ে, অন্যদিকে প্রশ্মিতার দ্বিতীয়। ২০১৭ সালে চিকিৎসক শৌনকের সঙ্গে সাত পাকে ঘুরেছিলেন গায়িকা।

# আসল আল্লু অর্জুনকে চেনাই কঠিন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দক্ষিণ ভারতের জনপ্রিয় অভিনেতা আল্লু অর্জুন। আগামী ৪ এপ্রিল পুষ্পা অভিনেতার জন্মদিন। আর এই বিশেষ দিনের আগেই দুর্দান্ত উপহার পেলেন তিনি। জীবনের অন্যতম সেরা উপহার পেয়ে শুধু আল্লু নন, আপ্লুত তার ভক্তরাও। ২৮ মার্চ দুবাইয়ে মাদাম তুসো জাদুঘরে নিজের মোমের মূর্তি উন্মোচন করলেন অভিনেতা। সেখান থেকে পরিবারের সঙ্গে কাটানো বিশেষ মুহূর্তের ছবি সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন তিনি।

২০০৩-এর ২৮ মার্চ মুক্তি পেয়েছিলেন আল্লু অর্জুনের প্রথম সিনেমা। ২০২৪ সালের একই দিনে দুবাইয়ের মাদাম তুসো ওয়াক্স মিউজিয়ামে আল্লু অর্জুনের মোমের মূর্তি স্থাপন করা হল। মূর্তি উন্মোচনের সেই বিশেষ মুহূর্তে বাবার স্টাইলেই পোজ দিয়ে ক্যামেরাবন্দী হয়েছে ছোট্ট আরহা। ওয়াক্স মিউজিয়ামের পক্ষ থেকে সেই ভিডিও অফিশিয়াল সাইটে আপলোড করা হয়েছে।

নিজের এক্স হ্যান্ডলে আল্লু অর্জুন লিখেছেন, আজকের দিনটা আমার জন্য বিশেষ। ২০০৩ সালের এই দিনেই আমার প্রথম সিনেমা মুক্তি পেয়েছিল। আর আজ আমি মাদাম তুসোয় মোমের মূর্তির সামনে দাঁড়িয়েছি।

আবেগপ্রবণ হয়ে অভিনেতা আরও লিখেছেন, ক্যারিয়ারের ২১ বছরের এই জার্নি সত্যি অসাধারণ। আমি প্রত্যেকের কাছে বিশেষ করে আমার ভক্তদের কাছে ভীষণভাবে কৃতজ্ঞ। সকলের সমর্থন ছাড়া এটা কোনো দিন সম্ভব হত না। আশা করি আগামী দিনেও আমি সবাইকে কাজের মাধ্যমে আরও গর্বিত করতে পারব। আমি প্রত্যেকের কাছে, মন থেকে কৃতজ্ঞ।

সতীর্থ থেকে ভক্ত প্রত্যেকের থেকেই শুভেচ্ছাবার্তা পেয়েছেন আল্লু অর্জুন। অভিনেতা রাম চরণের স্ত্রী উপাসনা লিখেছেন, 'ওয়াও'। এ ছাড়া মন্তব্যের ঘর ভেসেছে শুভেচ্ছা-ভালোবাসার বন্যায়।

প্রসঙ্গত, ২০২১ সালে বক্স অফিস সাফল্য পায় আল্লু অর্জুন ও রাশমিকা মন্দানা অভিনীত ব্লকবাস্টার সিনেমা পুষ্পা। পুষ্পরাজের চরিত্রে দর্শকপ্রিয়তা পান আল্লু অর্জুন। তিন বছর পর এবার বড় পর্দায় মুক্তির অপেক্ষায় 'পুষ্পা ২'। দর্শকের সামনে আবারও ফিরছে পুষ্পরাজ-শ্রীভল্লি জুটির অন স্ক্রিন রসায়ন। আগামী ১৫ আগস্ট বড় পর্দায় মুক্তি পাবে 'পুষ্পা ২'।

# পেলে-ম্যারাডোনাকে ছাড়িয়ে সেরা লিওনেল মেসি, রোনালদো কোথায়?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ক্রীড়াঙ্গনে জনপ্রিয়তার শীর্ষে ফুটবল। আর সেই ফুটবলের দ্বৈরথের শীর্ষে ব্রাজিল-আর্জেন্টিনা। মাঠের খেলায় দুই দল খেললেও তাদের সমর্থকদের মধ্যে উত্তেজনাটা একটু বেশি থাকে। সেই সাথে সেরাদের তালিকা নিয়েও চলে যুদ্ধ। নানা তর্কযুদ্ধের মধ্যে সেরার তালিকায় বরাবরই নিজেদের পছন্দের তারকাদের এগিয়ে রাখেন ফুটবলের একনিষ্ঠ ভক্তরা।

গত শতাব্দীর মাঝামাঝি থেকে সত্তর দশক পর্যন্ত ফুটবলের মাঠ দখলে রেখেছিলেন ব্রাজিল কিংবদন্তি পেলে। এর পরবর্তী সময়ে নিজ দক্ষতায় সমর্থকদের বুঁদ করে রেখেছিলেন আর্জেন্টিনার ডিয়েগো আরমান্দো ম্যারাডোনা। এভাবে তালিকা করলে রোনালদো নাজারিও, জিনেদিন জিদান, গারিঞ্চা কিংবা জিকোদের নাম আসবে।

সম্প্রতি ফুটবলের মাঠে সর্বকালের সেরা ৫০ ফুটবলারের তালিকা প্রকাশ করেছে ব্রিটিশ গণমাধ্যম ডেইলি মেইল। যেখানে শীর্ষ দশে জায়গা পেয়েছেন পর্তুগিজ কিংবদন্তি ক্রিস্টিয়ানো রোনালদো। এই তালিকার কোথাও জায়গা হয়নি ব্রাজিলিয়ান তারকা নেইমার জুনিয়রের। তবে সবাইকে টপকে এ তালিকায় শীর্ষস্থান দখল করেছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক লিওনেল মেসি।

বর্তমান সময়ের অন্যতম সেরা ফুটবলার ক্রিস্টিয়ানো রোনালদো, তাতে কোনো সন্দেহ নেই। জাতীয় দলের জার্সিতে বিশ্ব জয়ের স্বাদ না পেলেও ক্লাবের হয়ে জিতেছেন সবকিছুই। ক্যারিয়ারে পাঁচটি ব্যালন ডি'অর জিতেছেন এই পর্তুগিজ তারকা।

ডেইলি মেইলের সর্বকালের সেরার তালিকায় আশ্চর্যজনকভাবে ১০ নম্বরে জায়গা করে নিয়েছেন তিনি। দেশের জার্সিতে ১২৮ গোল করে সর্বকালের সর্বোচ্চ আন্তর্জাতিক গোলের রেকর্ড গড়েছেন ৩৯ বছর বয়সী এই ফুটবলার।

সর্বকালের সেরাদের তালিকায় নবম স্থানে রয়েছেন ব্রাজিলিয়ান কিংবদন্তি জিকো। ক্যারিয়ারে কখনো বিশ্বকাপ জয়ের স্বাদ না পেলেও ব্রাজিলের অনেক খেলোয়াড়ের চেয়ে বড় নায়ক হিসেবে বিবেচিত হন তিনি। ডেড-বল দক্ষতার জন্য পরিচিত ছিলেন এবং ১৯৮২ সালের ব্রাজিল বিশ্বকাপ স্কোয়াডের তারকা ফুটবলার ছিলেন।

সেরাদের মধ্যে অষ্টম স্থান দখলে রেখেছেন আরেক ব্রাজিলিয়ান কিংবদন্তি গারিঞ্চা। ব্রাজিলের ১৯৫৮ বিশ্বকাপ জয়ের নায়ক হিসাবে ধরা হয় তাকে। পরের আসরেই অর্থাৎ ১৯৬২ সালে টুর্নামেন্টের সেরা খেলোয়াড়ের মুকুট অর্জন করেছিলেন এই তারকা।

পর্তুগিজ তারকার ক্রিস্টিয়ানো রোনালদোকে ছাপিয়ে বিতর্কিতভাবে এগিয়ে আছেন সপ্তম স্থানে থাকা ব্রাজিলের রোনালদো নাজারিও। তাকে অনেকে আসল রোনালদো বলেও ডাকেন। ক্যারিয়ারে বিশ্বকাপ জেতার পাশাপাশি দুটি ব্যালন ডি'অর জিতেছিলেন এই সেলেসাও তারকা।

ক্রিস্টিয়ানো রোনালদোর পর রিয়াল মাদ্রিদের সর্বকালের দ্বিতীয় সর্বোচ্চ গোলদাতা ডি স্টেফানো এমন একজন মানুষ ছিলেন যিনি গ্যালাকটিকো হওয়ার অর্থ কী তা সংজ্ঞায়িত করেছিলেন। ডি স্টেফানো পাঁচটি ইউরোপিয়ান কাপ জিতেছিলেন এবং ১৯৬০ সালের ফাইনালে একটি উত্তেজনাপূর্ণ হ্যাটট্রিক করে স্কোরবোর্ডে নাম তুলেছিলেন।

ফ্রান্সের কিংবদন্তি জিনেদিন জিদান। জাতীয় দল তো বটেই, ক্লাব ক্যারিয়ারেও সফল ছিলেন তিনি। বড়সড় শরীর হওয়া সত্ত্বেও বল নিয়ে সারা মাঠ চষে বেড়াতেন তিনি। মূলত, ফুটবল নৈপুণ্যের কারণেই সর্বকালের সেরাদের তালিকায় জায়গা পেয়েছেন এই ফরাসি তারকা।

'টোটাল ফুটবল' ধারণার জনক বলা হয় ডাচ কিংবদন্তি ইয়োহান ক্রুইফ। তার ফুটবল কারিকুরি পেপ গার্দিওলা এবং মিকেল আর্তেতার মতো কোচদের মাধ্যমে আজকের খেলায় এখনো দৃশ্যমান। আয়াক্সের হয়ে টানা তিনটি ইউরোপীয় কাপ জেতেন তিনি। ১৯৭৪ বিশ্বকাপে ফুটবলের অন্যতম আইকনিক দক্ষতার প্রদর্শন করেছিলেন।

বিশ্ব ফুটবলের অন্যতম সেরা তারকাদের একজন ডিয়েগো আরমান্দো ম্যারাডোনা। আলবিসেলেস্তে ফুটবলকে অনন্য উচ্চতায় পৌঁছানোর পেছনে তার অবদান অসামান্য। ১৯৮৬ সালে ইংল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপ জেতে আর্জেন্টিনা। সেই আসরে অনবদ্য ছিলেন তিনি। একই সঙ্গে নাপোলির হয়েও অসংখ্য স্মৃতির জন্ম দিয়েছিলেন এই মহাতারকা।

বিশ্ব ফুটবলের মহাতারকা হিসেবে বিবেচিত হন ব্রাজিলিয়ান কিংবদন্তি পেলে। ক্যারিয়ারে সর্বোচ্চ তিনবার বিশ্বকাপ জয়ের স্বাদ পেয়েছেন তিনি। ১৯৫৮ সালে কিশোর বয়সে তিনি প্রথম বিশ্ব আসরের শিরোপা জিতেন। এরপর ১৯৬২ এবং পরবর্তীতে ১৯৭০ বিশ্বকাপজয়ী ব্রাজিল দলের আইকনিক নেতা হয়ে ওঠেন এই 'কালো মানিক'।

ডেইলি মেইলের সর্বকালের সেরা ৫০ ফুটবলারের তালিকায় সবার উপরে লিওনেল মেসি। জাতীয় দল থেকে ক্লাব ক্যারিয়ারে সম্ভাব্য সবধরনের পুরস্কারেই উঁচিয়ে ধরেছেন তিনি। জাতীয় দলের হয়ে বিশ্বকাপ, কোপা আমেরিকা, অলিম্পিকে স্বর্ণপদক এবং রেকর্ড ৮বার ব্যালন ডি'অর জিতেছেন এই আলবিসেলেস্তে নায়ক।

এছাড়াও বার্সেলোনার হয়ে অসংখ্য শিরোপা জিতেছেন মেসি। সবমিলিয়ে সর্বকালের সেরাদের তালিকায় শীর্ষস্থানে জায়গা পেয়েছেন তিনি।

# ১৫ বছর পর টি-টোয়েন্টিতে মুখোমুখি পাকিস্তান-আয়ারল্যান্ড



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পাকিস্তান দলের আয়ারল্যান্ড সফরের সূচি চূড়ান্ত হয়েছে। আগামী মে মাসে তিনটি টি-টোয়েন্টি খেলবে দল দুটি। ম্যাচ তিনটি হবে ১০, ১২ ও ১৪ মে। সবগুলো ম্যাচই হবে ডাবলিনের ক্যাসল এভিনিউয়ে। এই সংস্করণে এখন পর্যন্ত কেবল একবারই দেখা হয়েছে দল দুটির। ২০০৯ সালের জুনে ওভালে টি-টোয়েন্টি বিশ্বকাপের ওই ম্যাচে পাকিস্তান জিতেছিল ৩৯ রানে। পাকিস্তান সবশেষ আয়ারল্যান্ড সফর করেছিল ২০১৮ সালের মে মাসে, খেলেছিল আয়ারল্যান্ডের অভিষেক টেস্টে। তারপর কোনো সংস্করণেই আর দেখা হয়নি দল দুটির। ২০২০ সালের জুলাইয়ে ডাবলিনে পাকিস্তানের দুটি টি-টোয়েন্টি খেলার কথা থাকলেও কোভিড মহামারীর কারণে স্থগিত হয় ওই সিরিজ। আগামী জুনে যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে এই সংস্করণে এক ডজন ম্যাচ খেলবে পাকিস্তান। আয়ারল্যান্ড সফরের আগে দেশের মাটিতে নিউ জিল্যান্ডের বিপক্ষে পাঁচটি টি-টোয়েন্টি খেলবে তারা। এই সিরিজ শুরু হবে ১৮ এপ্রিল, শেষ হবে ২৭ এপ্রিল। এরপর আয়ারল্যান্ড সফর শেষে ইংল্যান্ডে ২২ মে থেকে স্বাগতিকদের বিপক্ষে পাকিস্তান খেলবে চারটি টি-টোয়েন্টি। বিশ্বকাপের আগে মে মাসে নেদারল্যান্ডসের বিপক্ষেও তিনটি টি-টোয়েন্টি খেলার কথা ছিল পাকিস্তানের। তবে পিসিবির অনুরোধে গত নভেম্বরে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করে দেওয়া হয় এই সিরিজ। অন্যান্য সূচির সঙ্গে সাংঘর্ষিক হওয়ায় এবং ক্রিকেটারদের 'ওয়ার্কলোড' বিবেচনায় ওই অনুরোধ করেছিল পিসিবি। পাকিস্তান সবশেষ খেলেছে গত জানুয়ারিতে, সেটাও ২০ ওভারের সংস্করণেই। নিউ জিল্যান্ডে ওই সফরে পাঁচ ম্যাচের সিরিজ ৪-১ ব্যবধানে হারে তারা। আয়ারল্যান্ড এই মাসের শুরুতে সংযুক্ত আরব আমিরাতে ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজ হারে আফগানিস্তানের বিপক্ষে। তবে একমাত্র টেস্টে আফগানদের হারিয়ে এই সংস্করণে নিজেদের প্রথম জয়ের স্বাদ পায় আইরিশরা।

## শারীরিকভাবে অসুস্থ পরাগ

# 'ব্যথা' দিলেন দিল্লিকে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ক্রিকেটকে ভালোবাসেনা এমন ভারতীয় ভক্ত-সমর্থক খুঁজে পাওয়া বিরল। তবে শুধু সমর্থক বা ভক্তই নয়, ক্রিকেটের জন্য নিজের জীবন বাজী রাখতে পারেন ভারতে এমন ক্রিকেটারও অনেক রয়েছে। তেমনই একজন রিয়ান পরাগ। ২০২৩ আইপিএলে ৭ ইনিংসে ৭৮ রান। ১৩ ব্যাটিং গড়ে স্ট্রাইকরেট ১১৮.১৮। আগের বছর নিলামে ৩ কোটি ৮০ লাখ রুপিতে কেনার পর রিয়ান পরাগের কাছে মোটেও এমন পারফরম্যান্স আশা করেনি রাজস্থান রয়্যালস। এবার আইপিএলে দুই ইনিংসে পরাগের রান ১২৭। স্ট্রাইকরেট ১৭১.৬২। এর মধ্যে গতকাল জয়পুরে কঠিন উইকেটে দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে ম্যাচ জেতানো ৪৫ বলে অপরাজিত ৮৪ রানের ইনিংসও আছে। টি-টোয়েন্টিতে এটাই পরাগের ক্যারিয়ার সেরা ইনিংস।

২২ বছর বয়সী পরাগ নিজেকে ভালোভাবে প্রস্তুত করেই এবার আইপিএলে ভালো শুরু পেয়েছেন। এ মৌসুমে ভারতের ঘরোয়া টি-টোয়েন্টি প্রতিযোগিতা সৈয়দ মুশতাক আলী ট্রফিতে সর্বোচ্চ ৫১০ রান (১০ ইনিংস) এসেছে তাঁর ব্যাট থেকে। ৮৫ ব্যাটিং গড়ে স্ট্রাইকরেট ১৮৩ এর কাছাকাছি। আর এই পথে টানা সাতটি ফিফটি তুলে নিয়ে টি-টোয়েন্টিতে গড়েছেন টানা সর্বোচ্চ ইনিংসে ফিফটির রেকর্ডও।

গতকাল ম্যাচ শেষে পরাগ জানিয়েছেন, তার এই পাল্টে যাওয়ার পেছনে রয়েছে প্রচুর অনুশীলন। তিনি বলেন 'কে বল করছে সেটা নয়, কী বল করছে সেটা গুরুত্বপূর্ণ, আর সেগুলোই বেশি বেশি অনুশীলন করেছি।

পরাগ কেমন কাজে লাগিয়েছেন, তার একটা ছোট্ট উদাহরণ হচ্ছে রাজস্থান রয়্যালসের ইনিংসে শেষ ওভারটা। বোলিংয়ে ছিলেন দিল্লির পেসার আনরিখ নর্কিয়া। বিশ্বের অন্যতম গতিময় এই পেসারের কাছ থেকে পরাগ একাই তুলেছেন ২৫ রান। অথচ শারীরিকভাবে পুরোপুরি সুস্থও ছিলেন না। আগের তিন দিন বিছানায় পড়েছিলেন। ম্যাচের দিন সকালে ব্যথানাশক ওষুধ (পেইন কিলার) খেয়ে ম্যাচটা খেলতে নেমেছিলেন।

কিন্তু মাঠে দেখা গেল পরাগের উইলো-বাজিতে হারের ব্যথাটা দিল্লিই পেল। ম্যাচ-পরবর্তী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পরাগ বলেছেন, 'গত তিন দিন অনেক ধকল গেছে। বিছানায় পড়ে ছিলাম। অসুস্থ ছিলাম। ব্যথানাশক ওষুধ খেয়ে আজ (গতকাল) উঠে দাঁড়িয়েছি। এরপর ঠিকঠাকমতো সব করতে পেরেছি। তাই নিজের জন্য ভালো লাগছে।'

নর্কিয়ার বাউন্সার এবং ইয়র্কার পাত্তাই দেননি পরাগ। হাত খুলে মেরেছেন। ম্যাচসেরা পরাগ এই দক্ষতা নিয়ে বলেছেন, 'উইকেটের দুই প্রান্তেই রান করা নিয়ে শেষ দিকে কাজ করেছি। আমি জানি শর্ট বলে ছক্কা কিংবা ইয়র্কারও মেরে দেওয়ার মতো শক্তি ও ক্ষমতা আমার আছে। তাই সুযোগ পেলেই এটা করি। কখনো বাউন্ডারি মারতে পারি, কখনো আবার পারি না।'

ষষ্ঠ ওভারে রাজস্থানের স্কোর ২ উইকেটে ৩০ থাকতে চারে ব্যাটিংয়ে নামেন পরাগ। একপর্যায়ে তাঁর রান ছিল ২৬ বলে ২৬। কিন্তু নিজের খেলা শেষ ১৯ বল থেকে তুলেছেন ৫৮ রান। পরাগ জানিয়েছেন, রাজস্থান রয়্যালস কোচ কুমার সাঙ্গাকারা এবং সঞ্জু স্যামসন তাঁকে 'ইনিংসটা লম্বা করতে' বলেছিলেন। পরাগের ভাষায়, 'আমি জানতাম, ইনিংসটা লম্বা করতে পারলে অনেক রান পাব।'

রান পাওয়ার এই ম্যাচে একটি রেকর্ডও গড়েছেন পরাগ। ভারতের সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে টি-টোয়েন্টিতে ১০০ ম্যাচ খেলার মাইলফলক ছুঁয়েছেন গতকাল রাতের ম্যাচে। ২২ বছর ১৩৯ দিন বয়সে পরাগ রেকর্ডটি গড়ার পথে পেছনে ফেলেছেন তাঁর ফ্র্যাঞ্চাইজি দলেরই অধিনায়ক স্যামসনের রেকর্ড। ২২ বছর ১৫৭ দিন বয়সে রেকর্ডটি গড়েছিলেন স্যামসন।

# অধিনায়ক হিসেবে আবারও

# বাবরকে বেছে নিল পিসিবি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'বাবর আজম ইন, শাহিন আফ্রিদি আউট'

'জানি না, কে অধিনায়ক হবে। শাহিন চালিয়ে যাবে, নাকি নতুন কেউ আসবে'- পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) সভাপতি মহসিন নাকভির এই কথার পরই শাহিন শাহ আফ্রিদির নেতৃত্ব হারানোর শঙ্কা জাগে। গুঞ্জন ওঠে, টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে এই ফরম্যাটের অধিনায়ক পাল্টাবে পিসিবি। পাকিস্তানি গণমাধ্যম জিওনিউজ-এর খবর, ইতোমধ্যে নতুন অধিনায়ক বেছেও নিয়েছে গ্রিন ক্যাপরা। বাবর আজমকে নেতৃত্বে ফেরানোর সিদ্ধান্ত হয়েছে। পাকিস্তানি গণমাধ্যমটির প্রতিবেদনে বলা হয়, পিসিবি বাবর আজমকে টি-টোয়েন্টি দলের নেতৃত্বে ফেরানোর সিদ্ধান্ত নিয়েছে। বোর্ড সূত্রের বরাত দিয়ে জিওনিউজ জানায়, নিউজিল্যান্ডের বিপক্ষে আসন্ন পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ দিয়ে নতুন দফায় অধিনায়কত্ব শুরু করবেন বাবর। আগামী ১৮ থেকে ২৭ এপ্রিল পর্যন্ত চলবে পাকিস্তান ও নিউজিল্যান্ডের টি-টোয়েন্টি সিরিজ।

জিওনিউজের দাবি, পাকিস্তানের চলতি ফিটনেস ট্রেনিং ক্যাম্পে অধিনায়ক হিসেবেই অংশ নিয়েছেন বাবর।

ভারতে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ ব্যর্থতার পর তিন ফরম্যাটেই বাবর আজমের নেতৃত্ব কেড়ে নেয় পিসিবি।

এরপর জাকা আশরাফের নেতৃত্বাধীন পিসিবির টিম ম্যানেজমেন্ট টি-টোয়েন্টি দলের দায়িত্ব দেয় শাহিন আফ্রিদিকে। আর ওয়ানডের অধিনায়ক করা হয় শান মাসুদকে। শাহিনের নেতৃত্বে একটি সিরিজই খেলেছে পাকিস্তান। নিউজিল্যান্ডের মাটিতে ৫ ম্যাচের সেই টি-টোয়েন্টি সিরিজ গ্রিন ক্যাপরা হারে ৪-১ ব্যবধানে।

শাহিন আফ্রিদিকে নেতৃত্ব থেকে সরানোর গুঞ্জনে তার শ্বশুর এবং পাকিস্তানের সাবেক অধিনায়ক শহীদ আফ্রিদি বলেন, 'কাউকে অধিনায়কত্ব দিলে তাকে সময়ও দেওয়া দরকার। আমাদের ক্রিকেটের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে, বোর্ডে পরিবর্তন এলে দলের পরিচালনায়ও বদল আসে। (বোর্ডের নেতৃত্বে) যে আসে, সে ভাবে আমি যাই করছি, পাকিস্তান ক্রিকেটের জন্য ভালোই করছি।'

## যুক্তরাষ্ট্র টি-২০ দলে নিউজিল্যান্ডের কোরি এন্ডারসন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্র জাতীয় ক্রিকেট দলে সুযোগ পেয়েছেন নিউজিল্যান্ডের সাবেক অলরাউন্ডার কোরি এন্ডারসন। আগামী মাসে ঘরের মাঠে কানাডার বিপক্ষে আসন্ন পাঁচ ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের জন্য এন্ডারসনকে অন্তর্ভুক্ত করে ১৫ সদস্যের দল ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র। ২০১২ সালে টি-টোয়েন্টি দিয়ে নিউজিল্যান্ডের হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় এন্ডারসনের। ২০১৮ সালে কিউইদের হয়ে সর্বশেষ আন্তর্জাতিক ম্যাচ খেলেন তিনি। জাতীয় দলে জায়গা না পাওয়ায় ২০২০ সালে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান এন্ডারসন। যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পেতে তিন বছর সেখানে বসবাস করেন এন্ডারসন। গত বছর তিনি যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করেন। যুক্তরাষ্ট্রের মাইনর লিগ ক্রিকেটে ২৮ ইনিংসে ১৪৬ স্ট্রাইক রেটে ৯শ' রানের বেশি করেন তিনি। দুর্দান্ত পারফরমেন্সের সুবাদে যুক্তরাষ্ট্রের হয়ে খেলার সুযোগ পেয়েছেন ৩৩ বছর বয়সী এন্ডারসন। নিউজিল্যান্ডের হয়ে ১৩ টেস্টে ৬৮৩, ৪৯ ওয়ানডে ১১০৯ ও ৩১ টি-টোয়েন্টিতে ৪৮৫ রান করেছেন এন্ডারসন। ওয়ানডেতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৩৬ বলে দ্রুততম সেঞ্চুরির রেকর্ড গড়েন এই বাঁ-হাতি ব্যাটার। পরবর্তীতে এন্ডারসনের রেকর্ড ভাঙ্গেন দক্ষিণ আফ্রিকার এবি ডি ভিলিয়ার্স।

এন্ডারসন ছাড়াও কানাডার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে যুক্তরাষ্ট্র দলে জায়গা পেয়েছেন ভারতের হারমিত সিং, মিলিন্দ কুমার, কানাডার সাবেক অধিনায়ক নিতিশ কুমারের মত ক্রিকেটাররা। ঘরের মাঠের টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে কানাডার পর মে মাসে বাংলাদেশের বিপক্ষে তিন ম্যাচের সিরিজ খেলবে যুক্তরাষ্ট্র। ওই সিরিজের ম্যাচগুলো হবে ২১, ২৩ ও ২৫ মে। আর কানাডার সাথে ৭ থেকে ১৩ এপ্রিল পর্যন্ত সিরিজ খেলবে যুক্তরাষ্ট্র। বিশ্বকাপে 'এ' গ্রুপে ভারত, পাকিস্তান, আয়ারল্যান্ড ও কানাডার সাথে একই গ্রুপে আছে যুক্তরাষ্ট্র।

যুক্তরাষ্ট্র দল : মোনাঙ্ক প্যাটেল (অধিনায়ক), অ্যারন জোনস, আন্দ্রিয়েস গুস, কোরি এন্ডারসন, গজানন্দ সিং, হারমিত সিং, জেসি সিং, মিলিন্দ কুমার, নিসর্গ প্যাটেল, নিতিশ কুমার, নশতুশ কেনজিগে, সৌরভ নেত্রাবলকার, শ্যাডলি ফন শাকওয়াইক, স্টিভেন টেলর ও উসমান রফিক।

# বার্সায় জাভির উত্তরসূরি হবেন কে?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** চলতি মৌসুম শেষেই স্প্যানিশ ক্লাব বার্সেলোনার দায়িত্ব ছাড়ার ঘোষণা দিয়েছেন জাভি হার্নান্দেজ। গত জানুয়ারির শেষ সপ্তাহে এমনটা জানান তিনি। তার দায়িত্ব ছাড়ার ঘোষণার পর দুইমাস পেরিয়ে গেলেও তার উত্তরসূরি চূড়ান্ত করার ক্ষেত্রে এখনো দৃশ্যমান অগ্রগতি নেই বার্সেলোনায়। অনেকের ধারণা, জাভিকে আরও এক বছর থেকে যেতে বলবে বার্সেলোনার পরিচালনা পর্ষদ। বার্সেলোনার সভাপতি হোয়ান লাপোর্তা মুন্দো দেপোর্তিভোকে দেওয়া এক সাক্ষাৎকারে এমন ইঙ্গিত দিয়েছেনও। কিন্তু প্রস্তাব দেওয়া বা জাভির দিক থেকে পরের মৌসুমেও দায়িত্ব চালিয়ে যাওয়ার বিষয়ে এখন পর্যন্ত কোনো ইতিবাচক আভাস পাওয়া যায়নি। বার্সেলোনার সংশ্লিষ্ট বিভাগকে তাই নতুন কোচ খোঁজার কাজটি চালিয়ে যেতে হচ্ছেই।

স্প্যানিশ সংবাদমাধ্যম মুন্দো দেপোর্তিভো জানিয়েছে, বার্সেলোনার সম্ভাব্য কোচের তালিকা এখন ছোট হয়ে এসেছে। এর মধ্যে শীর্ষ নাম লুইস এনরিকে। বার্সেলোনার সাবেক এই কোচ এখন পিএসজির দায়িত্বে। আগামী ১৬ এপ্রিল চ্যাম্পিয়নস লিগ কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগ খেলতে দল নিয়ে বার্সার মাঠে আসবেন তিনি।

৫৩ বছর বয়সী এনরিকের সঙ্গে পিএসজির চুক্তির মেয়াদও এক বছর বাকি। তবু জাভির অবর্তমানে বার্সেলোনা যদি কাউকে নিশ্চিন্তে দায়িত্ব দিতে চায়, সেটি এনরিকেই। সাবেক খেলোয়াড় ও কোচ হিসেবে এই ক্লাবকে তিনি বেশ ভালো করে চেনেন। বার্সেলোনার সংস্কৃতি, তরুণ ফুটবলার ও খেলার ধরন-কোনো কিছুই এনরিকের জন্য নতুন হবে না।

তবে অনেক সময়ই ঘুরে দাঁড়াতে নতুন পরিকল্পনা, নতুন মুখের দরকার হয়। এদিকে বাড়তি গুরুত্ব দিলে বার্সেলোনা কোচ করতে পারে হান্সি ফ্লিককে। বায়ার্ন মিউনিখ ও জার্মানির সাবেক এই কোচ এখন বেকার। বার্সেলোনার কোচ হতে তাঁর আগ্রহও আছে। ফ্লিকের যিনি এজেন্ট, সেই পিনি জাহাভি আবার বার্সেলোনার সভাপতি লাপোর্তার ভালো বন্ধু। সবচেয়ে বড় কথা বায়ার্ন মিউনিখের হয়ে ফ্লিকের সাফল্য (২ মৌসুমে ৭ ট্রফি) বার্সেলোনা পর্ষদকে ফ্লিকের ব্যাপারে আগ্রহী করে তুলেছে।

শেষ পর্যন্ত ফ্লিক বা এনরিকের কেউ কোচ না হলে চমক হতে পারেন রাফায়েল মার্কেজ। বার্সেলোনার সাবেক এই ডিফেন্সিভ মিডফিল্ডার এখন বার্সেলোনা 'বি' দলের কোচের দায়িত্ব পালন করছেন। পেপ গার্দিওলা যেমন বার্সেলোনা মূল দল দিয়ে প্রথম সিনিয়র কোনো দলের কোচিং শুরু করেন, মার্কেজও হতে পারেন তেমন কেউ। তবে এই নাম তিনটির কোনোটিকেই হয়তো বার্সেলোনার ডাগআউটে দেখা যাবে না, যদি জাভি কাজ চালিয়ে যেতে সম্মত হন।

জাভি ও লাপোর্তা দুজনই বিশ্বাস করেন, চলতি মৌসুমে বার্সেলোনার এখনো কিছু একটা অর্জনের সুযোগ আছে। অন্তত শেষ পর্যন্ত প্রতিদ্বন্দ্বিতায় টিকে থাকার সামর্থ্যও আছে দলটির। যদিও লা লিগায় বার্সা এখন শীর্ষে থাকা রিয়ালের চেয়ে ৮ পয়েন্ট পিছিয়ে। আর চ্যাম্পিয়নস লিগেও ফাইনালের দৌড়ে বার্সেলোনা ফেবারিট নয়। তবে জাভির বিদায় ঘোষণার পর দল যেভাবে ঘুরে দাঁড়িয়েছে, সামনে ভালো কিছু হওয়ার সম্ভাবনা উড়িয়েও দেওয়া যায় না।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR